Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

রেলে ১০৩৭৬৯
গ্রুপ ডি
নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

বর্ষ ৪০ সংখ্যা ২ কলকাতা বুধবার, ৩১ জুলাই ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৪ শ্রাবণ ১৪২৬ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

# রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৫৫৭

জুনিয়র ট্রেনি ও অপারেটর-কাম-মেকানিক ট্রেনি পদে ৫৫৭ জনকে নেবে বিশাখাপত্তনমের রাষ্ট্রীয় ইস্পাত নিগম। নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জি ও ইনস্ট্রুমেন্টেশন-সহ বিভিন্ন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৪/২০১৯। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে যথাক্রমে টেকনিশিয়ান ও অপারেটর-কাম-মেকানিক পদে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**জুনিয়র ট্রেনি: শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল:** শূন্যপদ: ২৬০টি (সাধারণ ১০৪, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৭২, আর্থিকভাবে অনগ্রসর ৩৪)। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ: ১১৫টি (সাধারণ ৪৬, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩২, আর্থিকভাবে অনগ্রসর ১৬)। **মেটালার্জি:** শূন্যপদ: ৮৬টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২৪, আর্থিকভাবে অনগ্রসর ১১)। **কেমিক্যাল:** ৪৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ৬)। **ইলেক্ট্রনিক্স:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইনস্ট্রুমেন্টেশন:** শূন্যপদ: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)। **রিফ্র্যাক্টরি:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)।

মোট শূন্যপদের মধ্যে ২৭টি দৈহিক প্রতিবন্ধী এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই বা ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা থাকতে হবে। মেকানিক্যাল শাখার ক্ষেত্রে ফিটার, মেশিনিস্ট, মিল রাইট ও টার্নার ট্রেড এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখা

এরপর চোদ্দোর পাতায়

# এয়ার ইন্ডিয়ায় ৩৫৫

৩৫৫ জন স্কিল্ড ট্রেডসম্যান ও এয়ারক্রাফট টেকনিশিয়ান নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে সংস্থার চার রিজিয়নে। স্কিল্ড ট্রেডসম্যান নিয়োগ করা হবে বিভিন্ন ট্রেডে। ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। ভালো কাজের নিরিখে চাকরির মেয়াদ আরও ৫ বছরের জন্য বাড়ানো হতে পারে।

**রিজিয়ন অনুসারে শূন্যপদ: নর্দার্ন রিজিয়ন: স্কিল্ড ট্রেডসম্যান:** শূন্যপদ ৩৪টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৩)। **ইস্টার্ন রিজিয়ন: স্কিল্ড ট্রেডসম্যান:** শূন্যপদ ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। **এয়ারক্রাফট টেকনিশিয়ান:** শূন্যপদ ৪০টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৪)। **সাদার্ন রিজিয়ন: স্কিল্ড ট্রেডসম্যান:** শূন্যপদ ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিকভাবে অনগ্রসর ২)। **এয়ারক্রাফট টেকনিশিয়ান:** শূন্যপদ ৫৫টি (সাধারণ ২৭, তফসিলি জাতি

এরপর চোদ্দোর পাতায়

# আর্মিতে ১৮৯

১৮৯ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেওয়া হবে ভারতীয় সেনাবাহিনীতে। ট্রেনিং হবে ৫৪তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) মেন কোর্স এবং ২৫তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) উইমেন কোর্সে (এপ্রিল ২০২০)। নিয়োগ হবে বিভিন্ন টেকনিক্যাল শাখায়। এছাড়া ১টি শূন্যপদ রয়েছে নন-টেকনিক্যাল শাখায়।

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস:**

এরপর পনেরোর পাতায়

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ৩৩৪

মাল্টি স্কিলড ওয়ার্কার (ম্যাসন), ড্রাফটসম্যান, সুপারভাইজর (স্টোর)-সহ বিভিন্ন পদে ৩৩৪ জন কর্মী নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019 (Phase-II).

**শূন্যপদের বিন্যাস:** মাল্টি স্কিলড ওয়ার্কার (ম্যাসন): ২১৫টি (সাধারণ ৮৯, তফসিলি জাতি ৩২, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫৭, আর্থিকভাবে অনগ্রসর ২১)। ড্রাফটসম্যান: ৪০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)। হিন্দি টাইপিস্ট: ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। সুপারভাইজর (স্টোর): ৩৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৩)। ওয়েল্ডার:

এরপর চোদ্দোর পাতায়

সরকারি ও নিজস্ব হাসপাতালে ২ ৪০০ ছেলেমেয়ের নার্সিং, ফার্মাসি, প্যারামেডিকেল কোর্সে ট্রেনিং দিয়ে চাকরি
GNM, B.Sc. নার্সিং, ANM নার্সিং, D.Pharm, DMLT, ECG, X-RAY
Recognised by Govt.-INC-PCI various State Govt. Council, UGC Approved University



নিজস্ব প্রতিনিধি : পঃ বঃ সরকার, কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে তথা বেসরকারি স্বাস্থ্য বিভাগে স্টাফ নার্স পদে প্রচুর চাহিদা ও চাকরির অফুরন্ত সুযোগের কথা মাথায় রেখে "ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স" ও "অ্যাসোসিয়েট গ্রুপ অফ নার্সিং ইনস্টিটিউশন" এর যৌথ উদ্যোগে ২৪০০ ছেলে ও মেয়েকে কাউন্সিলিং এর মাধ্যমে GNM, B.Sc. নার্সিং, D.Pharmacy, DMLT, ECG, X-Ray কোর্সে সরাসরি ভর্তি শুরু হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ GNM কোর্সে আবেদনকারী আশানুরূপ র‍্যাঙ্কি এ ব্যর্থ ছাত্রছাত্রীরা শীঘ্র যোগাযোগ করুন

যোগ্যতা : ন্যূনতম উচ্চমাধ্যমিকে 40% মার্কসসহ যেকোনো শাখায় পাশ ছেলে ও মেয়েরা GNM এবং সায়েন্স শাখায় ন্যূনতম 45% মার্কসসহ পাশ ছেলে ও মেয়েরা B.Sc. নার্সিং ও ফার্মাসি কোর্সে আবেদনযোগ্য

বিশেষত্ব : ☛ 100% Job এবং Education Loan ☛ সার্টিফিকেট পশ্চিমবঙ্গ সরকার সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারিতে মান্যতাপ্রাপ্ত ☛ নিজস্ব কলেজ ও সরকারি ও নিজস্ব হাসপাতালে প্র্যাক্টিক্যালের ব্যবস্থা।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিক্যাল সায়েন্স
(Govt. Regd. ISO 9001 : 2015 certified)

কোলকাতা (মেডিভিউ চিকিৎসালয়ের কাছে) : 033-22870873, 9836442992, 8145960410, বারাসাত (হসপিটাল 2nd গেটের পাশে) : 8972046553, বহরমপুর (মেডিকেল কলেজ রোড এর বিপরীতে) : 7450978001, বর্ধমান (হসপিটাল / G.T. রোড) : 7319013461, শিলিগুড়ি (প্যাটেল রোড / হেরিটেজ মোড়, NJB জংশনের কাছে) : 8167033305
For Seminar & Admission
মালদহ : 8116939353, কোচবিহার : 8167033305
Visit our website : www.ninps.org

# স্টেট ব্যাঙ্কে

## স্পেশ্যালিস্ট অফিসার

ক্রেডিট অ্যানালিস্ট পদে ৭৫ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল থ্রি ও স্কেল টু-য়ে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO/2019-20/08.

শূন্যপদের বিবরণ: **ক্রেডিট অ্যানালিস্ট (এম এম জি এস-টু):** ২০টি। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সঙ্গে ব্যাঙ্কে বা কোনও আর্থিক সংস্থায় সংশ্লিষ্ট কাজে ২ বছরের

এরপর চোদ্দোর পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ২০১

## ট্রেড ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস

৪১৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। এক বছরের ট্রেনিং দেওয়া হবে অ্যাকাউন্ট্যান্সি, আই টি আইয়ের একাধিক ট্রেড এবং ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায়, সংস্থার সাদার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশনে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট আসনে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ২০১টি

এরপর সাতের পাতায়

নার্সিং, প্যারামেডিক্যাল ও ফার্মাসি কোর্সে অতি কম খরচে সরাসরি ভর্ত্তির শেষ সুযোগ
100% Placement Assistance

কর্ণাটক এবং অন্ধ্রপ্রদেশের Renowned Medical College ও হাসপাতাল যুক্ত কলেজে পড়ার সুবর্ণ সুযোগ।
(কলেজগুলি INC, RGUHS, Dr. NTRUHS, State Govt. Council Approved)



JENPAUH-এ Rank হয়নি? অথবা সরকারি কলেজে চান্স পাওনি?
অল্প সংখ্যক সীট রয়েছে সত্ত্বর Admission নিন।
চিন্তার কারণ নেই, কর্ণাটক ও অন্ধ্র প্রদেশের বিখ্যাত মেডিক্যাল কলেজ ও হাসপাতাল যুক্ত কলেজে সরাসরি ভর্ত্তির সুযোগ এখনো আছে অতি কম খরচে।
ছেলে ও মেয়ে উভয়ই যোগ্য (17-35 Yr.)

GNM
Eligibility : (10+2) Any Stream, Min-40%, Dur : 3Yrs.
প্যাকেজ 2,50,000/- থেকে শুরু

B.Sc Nursing
Eligibility : (10+2) with PCB, Min-45%, Dur : 4Yrs.
প্যাকেজ 4,00,000/- থেকে শুরু

এছাড়া যে কোর্সগুলি করে সরাসরি Placement পাওয়া যায়, তাতেও ভর্ত্তির সুযোগ রয়েছে এখানে

প্যারামেডিক্যাল
Diploma Courses : DMLT, DXT, DHI, DOT, DOTT, DMRT Eligibility : (10+2) with PCB, Duration : 2Yrs., (10+2) in any Stream, Duration : 3Yrs. (except - DOT)
B.Sc Courses : Perfusion Technology, Anesthesia, Cardiac & Respiratory, Radiology & Imaging, Dialysis etc.
Eligibility - (10+2) with PCB (45%)
Duration - 3 Yrs 6 Months

PG COURSES
MHA (Master of Health Administration)
Eligibility : Any Graduate
PG DIPLOMA IN
Medical Records & Health Information,
Duration - 1Year
Eligibility- Any Graduate

INNOVATIVE CAREER FOUNDATION
(Well wisher towards Career Evolution)
1st Floor, 16, India Exchange Place, Kolkata-700001
E-mail : info@innovativecareer.in / Website - www.innovativecareer.in

Contact H.O. : 9051519293 / 9800245711 ● উঃ ২৪ পরগণা/ নদীয়া : 7980369219, হাওড়া, হুগলী : 7890650288, রায়গঞ্জ/বালুরঘাট/মালদা : 9531730855, বাকুড়া/পুরুলিয়া : 9831313288, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর : 9775888163, বর্ধমান : 8597978485, বীরভূম/রামপুরহাট/মুরারই : 9775115655, মুর্শিদাবাদ / বহরমপুর : 7908867306, অন্যান্য জায়গার স্টুডেন্টস্ : 9800245711

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ২ □ ৩১ জুলাই ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**SBI INBOUND/HDFC/TATA SKY/** DISH TV/ JIO4G-তে অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী (18-36) M/F Urgent নিয়োগ। বেতন: 11,286/- – 34,850/- (PF + ESI + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837 ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779 গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

### সরাসরি 7 দিনে স্থায়ী চাকরি

**গভঃ রেজিঃ নং: 254/01,** কোনও ডোনেশন লাগে না। যোগ্যতা: নামসই-স্নাতক। সরাসরি কোং পে-রোলে উঃবঙ্গ-সহ 23টি জেলায় স্থায়ী জব। বেতন: 14,500/- – 37,500/-. পদ: ক্লার্ক, ম্যানেজার, SV, ASV, ইনচার্জ, পিওন, ATM, টাওয়ার, ব্যাঙ্ক (DSA), Ex-ম্যান, গানম্যান। (কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল, এয়ারপোর্ট, জাহাজে, মার্চেন্ট নেভিতে) OT, ছুটি, PF, বোনাস, থাকা, খাওয়া (সাঁওতাল, আদিবাসী, মুন্ডাদের) ST, SC, OBC-দের সুবিধা। G.C.A, B. B. N 24 Pgs, 99335-27495, 80136-07954.

□

### Airport মেট্রোরেল ও Bank (DSA) সংস্থায় স্থায়ী চাকরি

**Govt. Reg. L. No. 1864**

**উঃ বঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার** কর্মপ্রার্থীদের কোনওরকম ডোনেশন ছাড়াই সরাসরি নিজের যোগ্যতার ওপর নির্ভর করে স্থায়ী পদে নিয়োগ করা হচ্ছে। বেতন: (9,500/- – -32,800/-). OT PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়ার বিশেষ ব্যবস্থা। A. C., F. Rd, Kol-56. M: 74789-47381.

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে বাংলা** কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. S, Salt Lake. Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292

**M: 74070-36062**

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

## কর্মখালি

### আর্জেন্ট রিক্রুটমেন্ট লিখিত গ্যারান্টি-সহ ৬ দিনের মধ্যে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও BANK-এ M/F চাই

**বিভিন্ন অফিসিয়াল পদে অভিজ্ঞ ও** অনভিজ্ঞ কর্মপ্রার্থী যোগাযোগ করতে পারেন, বেতন শুরু: ১৭,০০০/- থেকে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে নিয়োগ ও বেতন বৃদ্ধি শীঘ্রই যোগাযোগ করুন। বায়োডাটা-সহ শিক্ষাগত যোগ্যতার কাগজপত্র নিয়ে। R. P. L. C, ডানলপ, কোল-01, (M): 87685-69064.

□

**Direct কোম্পানিতে ন্যূনতম H. S. পাশ** (18-30) 12 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

### VACANCY PVT. LTD

**পার্লেজি, হিন্দুস্থান লিভার, আমূল ডাবর** Co-তে 78 জন MALE চাই। বেতন: 13,700-26,500/-, বেতন: 13,700/- – 26,500/-, বয়স: 18/40. M: 77182-96025. R. J. S. Pvt. Ltd, N. G. R. C. A, Kol-14.

□

**যুক্ত হন ভারতের সর্ববৃহৎ বীমা** কোম্পানিতে। বয়সসীমা: ১৮ থেকে ৬৫ বছর (ন্যূনতম যোগ্যতা: মাধ্যমিক পাশ), মাসিক বেতন: ৮,০০০ (আট হাজার) টাকা। এছাড়াও ইনসেন্টিভ ও অতিরিক্ত আয়ের সুযোগ। যোগাযোগ: ৪বি, গোমেস লেন, কোলকাতা-৭০০ ০১৪। Email: pradipjanalic@gmail.com (M): 99038-18862. Pradip Kumar Jana.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**Govt. Reg. L. No.: 7214**

**উঃবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায়** বিনা ডোনেশনে BANK (DSA)-তে এবং কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল ও Airport-এ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 28,800/-). এছাড়া OT, PF, ESI, ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়া ফ্রি। M: 74791-94167, A.C., F. P., Belgharia, Kol-56.

□

**SBI Banking/ Jio 4G/ Naptol** বাংলা কাস্টমার কেয়ারে মাধ্যমিক-গ্র্যাজুয়েট M/F সরাসরি নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 12,000/- M: 98301-20692 / 90880-93059 Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91,

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট- ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**Govt. R/L No.: 2807, কোনও** ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন: 14,700/- – 48,800/-). OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, M: 83276-53371.

□

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব

**Govt - R/L No.-0287**

**কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি** সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

## কর্মখালি

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

**বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে** স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www .gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### সরাসরি জয়েনিং ৭ দিনে, Pvt, BANK ও এয়ারপোর্টে

**(৮ম-স্নাতক) M/F নিয়োগ চলছে।** লাইসেন্স নং- X28059E শূন্যপদ: ১৯৬, বেতন: 16,700/- – 38,200/- Pvt. Bank-এ প্রতিটি জেলায় ও Airport এবং METRO-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ইনচার্জ, SV, চেকিংবয়, ট্রলিবয়, হাউসকিপিং। ESI, PF ও খাওয়া থাকা ফ্রি। Dum Dum, Kol-52. (M): 96797-76168 (N. C.)

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

### Direct নিয়োগ এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে

**M: 96148-26939**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি সপ্তায় 6 দিন

**গভঃ স্বীকৃত Airport ও Pvt. ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। S. R. C. Pvt. Ltd, G. Place, Kol-1, (M): 81168-54264.

□

### Airtel 4G, JIO 4G & SBI Banking বাংলা কাস্টমার কেয়ারে

**মাধ্যমিক-গ্র্যাজুয়েট (18-35) অভিজ্ঞ/** অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880. IIFA, Kol-28.

□

**Jio / SBI কাস্টমার কেয়ারে M/F** নিয়োগ চলছে। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake. Sec-V, Kol-91, 90513-76362/ 74509-64662.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

### মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং

**Pre-Primary & Primary Teachers** Training approved by BSS (Govt. of India) সরাসরি ভর্তি চলছে। Placement. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া: 83350-66915 / 033-2541-2244 কল্যাণী: 033-2502-5475 / 94323-65899.

□

## DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## স্কুল-কলেজ শিক্ষা

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

**18 বছরের অভিজ্ঞ শিক্ষক জয়ন্ত রায়,** Maths, G.I, G.K; গড়িয়া, শিয়ালদহ, উঃ দিনাজপুর, 500/ Month. 87772-17803.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT / NSDC (Govt. of India) Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

### Enhance your job opportunity

**Just Completed BHM (Hospital** Management)? Looking for good job in Healthcare Industry? Know solutions to success from experienced Healthcare Professional and faculty. Classes on Sundays, near Acropolis Mall. 8 weeks, 10 am-12.30 pm. Package@4000/-. Class Starts: 11th August. Registration: 9748192601. Subhasish Datta, 731, Jogendra Gardens, Kolkata-78.

□

**সরকার অনুমোদিত এক বৎসরের Speech** Therapy কোর্স-এ ভর্তি চলিতেছে। যোগাযোগ: ইনস্টিটিউট ফর নেচার কেয়ার এন্ড ডেভলপমেন্ট, ৬৩/৪ প্রতাপাদিত্য রোড, কোলকাতা-২৬। মোঃ 98316-73890; 98308-52376.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### Future Guide Line

**LL.B, B.Ed, M.Ed, WBUTTEPA** স্বীকৃত কলেজ থেকে ফ্রী Books, Class, Notes. Monthly পেমেন্ট। Salt Lake, Kol-06. (M): 72788-90732, 70038-52616.

□

### ITI-এ সরাসরি ভর্তি

**Electrician, Fitter, Draughtsman** Surveyor, Early Childhood, Educator (Teachers Training) NCVT, Placement, Assistance, Installment-এর সুবিধা আছে। রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া, 2541-2244/ 83350-66915/ 98300-48759.

□

### ডায়েটিশিয়ান কোর্স (Only Science Background)

**1 yr. কোর্স করে Internship করার** সুযোগ। Placement Asst. App. by BSS & (Govt. of India) Installment -এর সুবিধা আছে। Global Technical Institute (বেলেঘাটা), M: 75969-71701 / 92315-51285.

□

**Spoken English ও চাকরির পরীক্ষার** ইংলিশ পড়াচ্ছেন। British Institute-এর শিক্ষক Mr. Jayanta Chatterjee, মেমারী, বেলঘরিয়া। 92390-55106.

□

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

**IT GST TDS PF ESI-র কাজ শিখে** Tax Consultant হয়ে মাসে প্রচুর টাকা রোজগার করুন। ২৩এ, এস বি এস, কোল-14. 80172-13267.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) P.C. B.Sc সরাসরি** ভর্তির জন্য যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.


**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬



**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাঁশি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# চটের ব্যাগ ও বস্তা তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** দোকান-বাজারে চটের ব্যাগ বা বস্তার বিপুল চাহিদা। এই মেশিনের সাহায্যে চট থেকে বস্তা বা শৌখিন ব্যাগ তৈরি করে বাজারে বিক্রি করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে চটের রোল ও জুটের সুতলি কিনে আনতে হবে। বড়বাজারের পোস্তা অঞ্চলে এবং চাঁদনিচক এলাকায় চটের বড় বাজার আছে। যদি শৌখিন ব্যাগ তৈরি করতে চান তাহলে উজ্জ্বলতা আনতে চটটিকে বিভিন্ন কেমিক্যাল দিয়ে ধুয়ে নিতে হবে। এরপর যেরকম সাইজের ব্যাগ বানাতে চান সেইরকম সাইজের চট কেটে নিতে হবে। এরপর সেই চটকে জুট ব্যাগ মেকিং মেশিনে রেখে, জুটের সুতলি লাগিয়ে মেশিন চালু করলেই নির্দিষ্ট জায়গায় সেলাই হয়ে যাবে। এই মেশিনটির জন্য মোটর লাগবে ½ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটরসমেত এই মেশিনটির দাম পড়বে ৬০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

১ চান্সে পাশ করুন
B.A / M.A - [HISTORY, ENGLISH, GEOGRAPHY, POL. Sc., EDUCATION, SOCIOLOGY] B.Sc / M.Sc - [PHYSICS, CHEMISTRY, MATH, STATS, ZOOLOGY, BOTANY, MICROBIOLOGY, BIO-TECHNOLOGY]
B.Com / M.Com / BBA / MBA / BCA / MCA
B.Tech / M.Tech / BLIS / LLB / LLM
Pharmacy (D.Pharma/B.Pharma) Nursing (ANM / GNM)
B.ED @ 4000/- P.M
M.ED @ 5000/- P.M
+ UGC Approved University (Regular / Distance) কোর্সে ভর্তি করা হয়।
+ Special Facility For Working people + প্রয়োজনীয় কোচিং এর ব্যবস্থা
+ A.C Class room + Hostel Facility (Boys / Girls)
VIII/X/XII Fail ? | ১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
Joint Entrance & ICSE / CBSE / WB বোর্ড Exam Classes
NEET / JEE (MAIN + ADVANCE)
VOCLET / JELET / CAT / MAT / GMAT / CLAT / JENPAUH
MOCK TEST : 1 to 5 Test @ 750/- TO 2500/-
Scholarship up-to 50 %
FREE SPOKEN ENGLISH
Mindmine
Tutorial Home under MIST
Website :www.mindmineskillindia.com
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
+ মৌলালী (Taltala) + ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*তুমি যদি সাফল্যের স্বপ্ন দেখতে পার, তাহলে সফল হতেও পারবে।*
*— ওয়াল্ট ডিজনি*
*(বিশ্বখ্যাত মার্কিন অ্যানিমেটর)*

***✓ আমি একটি প্রতিষ্ঠান থেকে হাউসকিপিংয়ের প্রশিক্ষণ নিয়েছি। একটি বড় হোটেলে ইন্টার্নশিপ করেছি। চুক্তিতে একটি হোটেলে হাউসকিপিংয়ের চাকরি করছি। স্থায়ী চাকরির খোঁজ পেতে চাই।***

*নাম প্রকাশে অনিচ্ছুক, রিষড়া, হুগলি।*

☐ বড় হোটেলগুলোতে হাউসকিপিংয়ে অভিজ্ঞ কর্মীদের ভালো চাহিদা আছে। হোটেল শিল্পে আরও ভালো চাকরির জন্য সচেষ্ট হতে পারেন। এখন হোটেল শিল্পের রমরমা চলছে। ফলে চাকরির সুযোগও আছে। কিন্তু হাউসকিপিংয়ের লোকেদের সরকারি ক্ষেত্রে চাকরির সুযোগ সীমিত। বিভিন্ন সংস্থার গেস্ট হাউসে চাকরি হতে পারে। এ ছাড়া চাকরি আছে সামরিক বাহিনীতে।

***এখনই আবেদন করতে পারেন:*** ট্রেনিং দিয়ে ৪০০ স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট নেবে ভারতীয় নৌবাহিনী। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। অফিসার্স মেসে খাদ্য-পানীয় সরবরাহই স্টুয়ার্ডদের প্রধান কাজ। 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'নৌবাহিনীতে ৪০০ স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in আপনি আবেদন করতে পারেন।

ট্রেনিং দিয়ে ৪০০ স্টুয়ার্ড, শেফ ও হাইজিনিস্ট নেবে ভারতীয় নৌবাহিনী। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। অফিসার্স মেসে খাদ্য-পানীয় সরবরাহই স্টুয়ার্ডদের প্রধান কাজ। 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'নৌবাহিনীতে ৪০০ স্টুয়ার্ড, শেফ, হাইজিনিস্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

উচ্চতা অন্তত ১৬৯ সেমি এবং বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি হলে ভারতীয় সেনাবাহিনীর সোলজার ট্রেডসম্যান (মেসকিপার) পদের র‍্যালিতে অংশগ্রহণ করতে পারেন। বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে র‍্যালি ১৫ থেকে ২৩ সেপ্টেম্বর। হুগলির বাসিন্দা হিসেবে আপনি এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। র‍্যালিতে অংশগ্রহণের জন্য ৩০ অগস্টের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'সেনাবাহিনীতে কয়েকশো সোলজার' শীর্ষক সংবাদে এই র‍্যালি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করার পরে গাড়ি চালানো শিখি। কন্ডাক্টরের কাজ করেছি ২ বছর। এর মধ্যে বড় বাস, ট্রাক চালানো শিখেছি। হেভি মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স আছে। সরকারি চাকরির খবর দিলে উপকৃত হব।***

*অভিষেক দাশ, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ সামরিক এবং আধাসামরিক বাহিনীতে সিভিলিয়ান মোটর ড্রাইভার নেওয়া হয় সময়ে সময়ে। এরকম নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে খবর জানানো হয়।

***এখনই আবেদন করতে পারেন:*** ১০৪জন সিভিলিয়ান মোটর ড্রাইভার নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডের বিভিন্ন ইউনিট ও এস্টাবলিশমেন্টে। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। অন্তত এক বছর হেভি মোটর ভেহিক্যাল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। আপনি আবেদন করতে পারেন। নিয়োগের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে ড্রাইভিং টেস্ট। 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডে ১০৪ ড্রাইভার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GR-C/Dr/4/2018 দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.indiannavy.nic.in পূরণ করা দরখাস্ত রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্ট মারফত ১৬ অগস্টের মধ্যে পৌঁছতে হবে ইস্টার্ন ন্যাভাল কম্যান্ড হেডকোয়ার্টার্সের নির্দিষ্ট ঠিকানায়।

১০৪জন সিভিলিয়ান মোটর ড্রাইভার নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডের বিভিন্ন ইউনিট ও এস্টাবলিশমেন্টে। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। অন্তত এক বছর হেভি মোটর ভেহিক্যাল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গের বিভিন্ন পুলিশ কমিশনারেটে সময়ে সময়ে ড্রাইভার নিয়োগ করা হয়। নিয়োগের বিজ্ঞপ্তি বেরোলে সে-খবর 'কর্মক্ষেত্র'-য় জানানো হয়ে থাকে। রাজ্যের পরিবহণ দপ্তরেও ড্রাইভার নেওয়া হয়। এ ছাড়া রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় হেভি ড্রাইভিং লাইসেন্স আছে, এরকম দক্ষ ড্রাইভারের চাকরি আছে।

***✓ বর্তমানে বাংলা অনার্সের প্রথম বর্ষে পড়ছি। ৬১ শতাংশ নম্বর-সহ আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি এ বছরেই। মাধ্যমিকের পর থেকে কম্পিউটার টাইপ রাইটিং এবং স্টেনোগ্রাফি শিখছি। দরিদ্র পরিবারের ছেলে। আমার একটা চাকরির খুবই প্রয়োজন। চাকরি পেলেও পড়াশোনা চলবে। চাকরির খোঁজ দেবেন।***

*সুদীপ ভুঁইয়া, ডোমজুড়, হাওড়া।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। টাইপিং জানা বাধ্যতামূলক, এরকম কিছু চাকরিও আছে।

***এখনই আবেদন করতে পারেন:*** ১৩৫জন লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে নবোদয় বিদ্যালয় সমিতি। এটি কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর এবং মিনিটে ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ১০ জুলাই সংখ্যায় 'নবোদয় বিদ্যালয়ে ২৩৬৪ শিক্ষক-শিক্ষিকা, ক্লার্ক, নার্স' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ৯ অগস্টের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.navodaya.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে অ্যাকাউন্টস ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক-কাম-টাইপিস্ট, জুনিয়র টাইম কিপার এবং ট্রেনস ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। ডাক বিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে এ রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। এ ছাড়াও পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর এবং কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। মিনিটে অন্তত ৮০টি ইংরেজি শব্দ শর্টহ্যান্ডে লেখার গতি থাকলে কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফারের পদে আবেদন করতে পারবেন। রেলে জুনিয়র স্টেনোগ্রাফার পদে চাকরির সুযোগ আছে।

## কথ্য ইংরেজিটা রপ্ত করতেই হবে



ডঃ জয়দীপ মুখোপাধ্যায়
অ্যাসোসিয়েট প্রফেসর
স্কুল অব এনভায়রনমেন্টাল স্টাডিজ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

চাকরি নানা প্রকারের। আপনার পছন্দ, প্রবণতা, ক্ষমতা অনুসারে চাকরি বাছাই করবেন, সেই চাকরির আঙিনায় প্রবেশ করার জন্য প্রস্তুতি নেবেন, এটাই স্বাভাবিক। চাকরি যেমনই হোক না কেন, আজকের দিনে চাকরিপ্রার্থীর কমিউনিকেশন স্কিল বা যোগাযোগের দক্ষতা খুব গুরুত্ব পায়। এ প্রসঙ্গে আসবে ভাষার প্রশ্ন। যেহেতু আমাদের দেশে ইংরেজি একটা কমন ল্যাঙ্গুয়েজ এবং একইসঙ্গে এটি একটি আন্তর্জাতিক ভাষাও, তাই একজন চাকরিপ্রার্থীকে ইংরেজি ভাষার সঙ্গে সড়গড় হতেই হবে। কাজ চালানোর মতো ইংরেজিতে কথা বলার অভ্যাসটা রপ্ত করতেই হবে। ইংরেজি বলার ক্ষেত্রে দুর্বলতার কারণে নানা প্রয়োজনীয় গুণ থাকা সত্ত্বেও চাকরি থেকে ভালো ভালো ছেলেমেয়েও বাদ পড়ে যান। বিশেষ করে কর্পোরেট সেক্টরের চাকরির ক্ষেত্রে আকছার এ ঘটনা ঘটে। অনেকেই লিখিত ইংরেজিতে মনের ভাব প্রকাশ করতে পারলেও বলার সময়ে হোঁচট খান। অনেকে আবার মূলত ইংরেজিতে দুর্বলতা থাকার কারণে লিখিত এবং কথ্য ইংরেজিতে সড়গড় নন।

প্রথম দলের সমস্যা গভীর নয়। ইংরেজিটা তাঁরা জানেন, বলতে অসুবিধায় পড়েন। এক্ষেত্রে বলব, ইংরেজিতে কথা বলাটা একটা অভ্যাসের ব্যাপার। নিজে নিজেই অভ্যাসটা রপ্ত করতে পারেন। একটা প্রশ্ন করুন নিজেকে। যেন, একটা ইন্টারভিউয়ে আপনাকে প্রশ্ন করা হয়েছে। একান্তে যখন রয়েছেন, তখন জোরে জোরে প্রশ্নটার উত্তর দিন। এভাবে কিছুদিন অনুশীলন চালালেই জড়তা অনেকটাই কেটে যাবে। যত দিন যাবে, ততই আপনি কথ্য ইংরেজিতে সাবলীল হয়ে উঠবেন।

দ্বিতীয় ভাগে যাঁরা পড়েন, তাঁদের আরেকটু বেশি পরিশ্রম করতে হবে। যে-কোনও কারণেই হোক এই ভাগের ছেলেমেয়েদের ইংরেজি শিক্ষার ভিতটা কাঁচা রয়ে গিয়েছে। মেরামতের সুযোগ কিন্তু আছেই। এক্ষেত্রে ছোটবেলায় পড়া ইংরেজি গ্রামার বইগুলোই আরেকবার খুলে বসতে হবে। কথার পিঠে কথা বসিয়ে একটা বাক্য তৈরির জন্য যতটুকু ব্যাকরণ জানা দরকার, সেটা জানলেই হবে। ইংরেজি খবরের কাগজ জোরে জোরে পড়া, টিভিতে ইংরেজি খবর দেখাও সাহায্য করবে। আর চলবে অনুশীলন। ইংরেজিতে কথা বলার চেষ্টা করা এই অনুশীলনের গুরুত্বপূর্ণ দিক হবে।

ইংরেজি ভাষায় দুর্দান্ত দখল থাকতে হবে এমন কথা বলা হচ্ছে না। কাজের ভাষাটা রপ্ত করতে হবে শুধু। ইংরেজিতে নিজের কথাটা অন্যকে বুঝিয়ে বলতে পারা এবং অন্যের কথা বুঝতে পারলেই চলবে।

অনেকটা পড়াশোনা করে আপনি আজ একজন চাকরিপ্রার্থী। অনেকটা শিখতে পেরেছেন যখন, তখন কাজ চালানোর মতো ইংরেজি কথা বলাটাও শিখতে পারবেন অবশ্যই। আগ্রহটাই প্রধান কথা। তারপর একটু চেষ্টা। সংকোচহীনতা। তাহলেই হবে।

***✓ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা করেছি। ডিপ্লোমা সম্পূর্ণ হয়েছে ২০১৮-য়। চাকরির খোঁজ দেবেন।***

*রাহুল দত্ত, অম্বিকা কালনা, বর্ধমান।*

☐ সরকারি এবং রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় চাকরির সুযোগ আছে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***পরে আবেদন করতে পারবেন:*** প্রতিবছরই কেন্দ্রীয় সরকার স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করে। আপনি নিয়োগের পরীক্ষায় বসতে পারবেন। এ বছর কেন্দ্রীয় সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগের প্রক্রিয়া শুরু হবে ১ অগস্ট থেকে। অনলাইন দরখাস্ত করতে হবে ১ অগস্ট থেকে ২৮ অগস্টের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে:

এ বছর কেন্দ্রীয় সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগের প্রক্রিয়া শুরু হবে ১ অগস্ট থেকে। অনলাইন দরখাস্ত করতে হবে ১ অগস্ট থেকে ২৮ অগস্টের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ssc.nic.in 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগের আগাম খবর জানানো হয়েছে।

http://ssc.nic.in 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগের আগাম খবর জানানো হয়েছে। 'জুনিয়র ইঞ্জিনিয়ার এক্সামিনেশন, ২০১৯'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে ১ অগস্ট। 'কর্মক্ষেত্র'-য় আরও বিশদে এই নিয়োগের খবর জানানো হবে।

রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। রাজ্য স্তরে পি ডব্লু ডি এবং কেন্দ্রীয় স্তরে সি পি ডব্লু ডি পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় চাকরির সুযোগ আছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## এস এস সি

☐ *উচ্চমাধ্যমিক পাশ। স্নাতকে প্রথম বর্ষের পর আর পড়াশোনা করতে পারিনি। স্টেনোগ্রাফি শিখেছি। এই যোগ্যতায় আমি কি কোনও কেন্দ্রীয় সরকারি চাকরির জন্য আবেদন করতে পারি? —প্রণব মাইতি, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও কার্যালয়ে স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') নেওয়া হয়ে থাকে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে গ্রেড 'সি'-র প্রার্থীদের মিনিটে ১০০টি এবং গ্রেড 'ডি' প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার দক্ষতা থাকতে হয়। স্কিল টেস্টে গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি শব্দ, গ্রেড 'ডি' প্রার্থীদের মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিটের ডিক্টেশন দেওয়া হয় ইংরেজি বা হিন্দিতে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হবে। এ ছাড়া থাকবে লিখিত পরীক্ষা। বিস্তারিত জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ssc.nic.in

## ইউ পি এস সি

☐ *ইউ পি এস সি আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন'-এর জন্য প্রস্তুতি নিচ্ছি। এই পরীক্ষার ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষার বিষয়ে বিশদে জানতে চাই। —কৌশিক সাহা, ভদ্রেশ্বর, হুগলি।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস (অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্টস) এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই হয় তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে ৪৫০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষার প্রথম পত্রে থাকবে জেনারেল এবিলিটি এবং ইন্টেলিজেন্স-সংক্রান্ত প্রশ্ন। ২৫০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে জেনারেল স্টাডিজ, এসে এবং কম্প্রিহেনশন-সংক্রান্ত প্রশ্ন। বিষয়ভিত্তিক এই পত্রের জন্য বরাদ্দ নম্বর ২০০। সময়সীমা ৩ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। এই পর্যায়ে থাকবে: (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়। (২) ৩ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়। (৩) ৩.৫ মিটারের লং জাম্প (সর্বাধিক ৩টি সুযোগে)। (৪) ৭.২৬ কেজি ওজনের শটপাট ছুড়তে হবে ৪.৫ মিটার দূরত্বে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণদের মেডিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। তৃতীয় পর্যায়ে থাকবে মোট ১৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

☐ *ইউ পি এস সি আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই পদ্ধতির ধরনধারণ বিষয়ে বিশদে জনতে চাই। —প্রদ্যুৎ বাসু, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন'-এর মাধ্যমে ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হয়ে থাকে তিনটি বিষয়ে। বিষয়গুলি হল: ইংলিশ, জেনারেল নলেজ এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির ক্ষেত্রে পরীক্ষা হয় শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সবক্ষেত্রেই প্রতি পেপার ১০০ নম্বরের। সময়সীমা ২ ঘণ্টা করে। প্রশ্ন হয় অবজেক্টিভ টাইপের মাল্টিপল চয়েস। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের ওপর মাধ্যমিক মানের প্রশ্ন। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টারভিউ হবে। ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

☐ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সরল দে, গোপালনগর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। সময়সীমা এক ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষায় থাকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, মার্কেটিং ও কম্পিউটার, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন, রিজনিং বিষয়ক অবজেক্টিভ ধরনের মোট ২০০ নম্বরের প্রশ্ন এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ (লেটার রাইটিং, এসে রাইটিং) বিষয়ক ডেসক্রিপটিভ ধরনের মোট ৫০ নম্বরের প্রশ্ন। সময়সীমা ৩ ঘণ্টা (অবজেক্টিভের ক্ষেত্রে ২ ঘণ্টা ও ডেসক্রিপ্টিভের ক্ষেত্রে ১ ঘণ্টা)। এরপর গ্রুপ ডিসকাশন (২০ নম্বর) ও ইন্টারভিউ (৩০ নম্বর)। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.sbi.co.in

## নার্সিং

☐ *রাউরকেল্লার ইস্পাত জেনারেল হাসপাতালে নার্সিং সিস্টার (ট্রেনি) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয়তী মণ্ডল, শ্যামপুর, হাওড়া।*

☐☐ রাউরকেল্লার স্টিল প্লান্টের অধীনস্থ ইস্পাত জেনারেল হাসপাতালে নার্সিং সিস্টার (ট্রেনি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিল বা নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ডিপ্লোমা বা স্নাতক কোর্সে অন্তত ৫০ শতাংশ (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ২০ অগস্টের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

☐ *ভাতিন্ডা এইমসে নার্সিং অফিসার গ্রেড-টু পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বন্দিতা চক্রবর্তী, আস্ত্রকানন, বাঁকুড়া।*

☐☐ ভাতিন্ডা এইমসে নার্সিং অফিসার গ্রেড-টু পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে জেনারেল নার্সিং ও মিডওয়াইফারির সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি স্টেট নার্সিং কাউন্সিলে 'এ' গ্রেড নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৪৫ মিনিট। ৪ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgimer. edu.in

## কোর্স, ট্রেনিং

☐ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডিজিটাল হিউম্যানিটিজ অ্যান্ড কালচারাল ইনফমেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —স্বর্ণদীপ্ত পাল, রশিদাবাদ, মালদা।*

☐☐ ডিজিটাল হিউম্যানিটিজ অ্যান্ড কালচারাল ইনফমেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্কুল অব কালচারাল টেক্সটস অ্যান্ড রেকর্ডস। কোর্সের মেয়াদ ১ বছর। আসনসংখ্যা ২৫। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ এম এ বা এম এসসি বা এম টেক বা এম এল আই এস বা সমতুল। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। এর পাশাপাশি কম্পিউটারের ব্যবহার জানতে হবে। কোর্স ফি: ১০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'The Registrar, Jadavpur University'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র প্রয়োজনীয় নথিপত্র-সহ ২ অগস্টের মধ্যে যে-কোনও কাজের দিন (দুপুর সাড়ে ১২টা থেকে বিকেল ৫টা) সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: স্কুল অব কালচারাল টেক্সটস অ্যান্ড রেকর্ডস, ষষ্ঠ তল, রবীন্দ্র ভবন (ওপেন এয়ার থিয়েটারের বিপরীতে), যাদবপুর বিশ্ববিদ্যালয়, ১৮৮, রাজা এস সি মল্লিক রোড, কলকাতা-৭০০ ০৩২।

☐ *গার্ডেন রিচ শিপবিল্ডার্সে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —সুপর্ণ ঘোষ, রানাঘাট, নদিয়া।*

☐☐ গার্ডেন রিচ শিপবিল্ডার্সে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। শাখা-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিষয়গুলি হল: মেকানিক্যাল শাখার ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনস কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি শাখার ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি। সিভিল শাখার ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.grse.nic.in

## অন্যান্য চাকরি

☐ *বেসিলে স্কিল্ড ম্যানপাওয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অংশুমান মিস্ত্রি, ঠাকুরপুকুর।*

☐☐ ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া (বেসিল)-য় স্কিল্ড ম্যানপাওয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ওয়্যারম্যান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট। উচ্চতর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে। পাশাপাশি, ইলেক্ট্রিক্যাল সেফটি বিষয়ে ওভারহেড সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও হিন্দি লিখতে ও পড়তে জানা চাই। দেখুন এই ওয়েবসাইট: www.beciljobs.com

☐ *রাউরকেল্লার ইস্পাত জেনারেল হাসপাতালে নেফ্রোলজি বিভাগে টেকনিশিয়ান পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বিপ্লব খাঁড়া, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

☐☐ রাউরকেল্লা ইস্পাত জেনারেল হাসপাতালে নেফ্রোলজি বিভাগে টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ রেনাল ডায়ালিসিস টেকনোলজিতে বি এসসি। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ রেনাল ডায়ালিসিস টেকনোলজিতে ডিপ্লোমা এবং কোনও হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৫০ সেমি। ওজন অন্তত ৪০ কেজি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৭৫ সেমি ও ৭৯ সেমি। দৃষ্টিশক্তি থাকতে হবে দূরের দৃষ্টিশক্তি চশমা-সহ বা চশমা ছাড়া ৬/১৮ মানের। এক চোখ ক্ষতিগ্রস্ত প্রার্থীদের ক্ষেত্রে দূরের দৃষ্টিশক্তি ভালো চোখে ৬/১২ মানের হতে হবে। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে ২ বা এন ৮ মানের হতে হবে। চশমার পাওয়ার প্লাস মাইনাস ৪.০ ডি-র বেশি হওয়া চলবে না। কোনও পদের ক্ষেত্রেই রাতকানা রোগ থাকা চলবে না। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.sail.co.in

☐ *ভারতীয় নৌবাহিনীতে ইনফর্মেশন টেকনোলজি ক্যাডারে অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —প্রশান্ত দেবনাথ, গঙ্গাজলঘাটি, বাঁকুড়া।*

☐☐ ভারতীয় নৌবাহিনীতে ইনফর্মেশন টেকনোলজি ক্যাডারে অফিসার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ের মাধ্যমে ব্যাঙ্গালোর বা ভোপাল বা বিশাখাপত্তনম বা কোয়েম্বাটুরে, ডিসেম্বর থেকে মার্চ মাসের মধ্যে। পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। এই পরীক্ষায় ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্টিং, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। সব মিলিয়ে ৪ দিন ধরে পরীক্ষা হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

☐ *ভারতীয় সেনাবাহিনীতে সায়েন্স শাখায় হাবিলদার (এডুকেশন) পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিশদে জানাবেন। —গণেশ সামন্ত, বাগনান, হাওড়া।*

☐☐ ভারতীয় সেনাবাহিনীতে সায়েন্স শাখায় হাবিলদার (এডুকেশন) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, ডাক্তারি পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং টিচিং অ্যাপ্টিটিউড টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১.৬ কিলোমিটার দৌড়, পুল আপ (বিম), ব্যালান্স টেস্ট এবং ৯ ফুট লং জাম্প। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা। ডাক্তারি পরীক্ষায় 'ফিট' হিসেবে বিবেচিত হলে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। পার্ট ওয়ানে থাকবে উচ্চমাধ্যমিক স্তরের জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। মোট নম্বর ৫০। পার্ট টুয়ে থাকবে বিজ্ঞান শাখার প্রার্থীদের ক্ষেত্রে অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও কম্পিউটার সায়েন্স বিষয়ে মোট ৫০ নম্বরের প্রশ্ন। সবক্ষেত্রেই পাশ নম্বর ২০ এবং ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফলদের টিচিং অ্যাপ্টিটিউড টেস্ট বা ইন্টারভিউ হবে মধ্যপ্রদেশের পাঁচমারিতে অবস্থিত এ ই সি ট্রেনিং কলেজ অ্যান্ড সেন্টারে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

☐ *কোস্টগার্ডে জেনারেল ডিউটি (পাইলট) শাখায় অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট পদের প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —প্রতীপ সাঁতরা, পিংলা, পশ্চিম মেদিনীপুর।*

☐☐ ইন্ডিয়ান কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট পদের ক্ষেত্রে প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত স্তরে প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের এর পর প্রিলিমিনারি সিলেকশন বোর্ড এবং ফাইনাল সিলেকশন বোর্ডের পরীক্ষায় ডাকা হবে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট বা কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। ফাইনাল পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও পার্সোনালিটি টেস্ট। সবশেষে মেডিক্যাল টেস্ট। এ ছাড়াও কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম (সি পি এস এস) পরীক্ষা নেওয়া হবে। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

☐ *ভারতীয় নৌবাহিনীর ম্যাট্রিক রিক্রুটস ক্যাটেগরিতে স্টুয়ার্ড পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —স্বরূপ বিশ্বাস, রূপনারায়ণপুর, পশ্চিম বর্ধমান।*

☐☐ ভারতীয় নৌবাহিনীর ম্যাট্রিক রিক্রুটস ক্যাটেগরিতে স্টুয়ার্ড পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। ওয়েটার ও হাউসকিপিং স্টাফ হিসেবে অফিসার্স মেসে খাদ্যদ্রব্য-পানীয় সরবরাহ করতে হবে। হিসাবপত্র রাখা, খাবারের মেনু তৈরি ও গুদামের হিসেবও রাখতে হবে। খেলাধুলা ও সাঁতার জানলে অগ্রাধিকার। এ ছাড়া, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। ১ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.join indiannavy.gov.in

☐ *পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে সাব-ডিভিশন প্রোজেক্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —বিশ্বজিৎ নস্কর, ঝাড়গ্রাম।*

☐☐ পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে সাব-ডিভিশন প্রোজেক্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা। মাইক্রোসফট অফিস, ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলের ব্যবহার জানতে হবে। সাবলীলভাবে বাংলা ও ইংরেজি ভাষায় লিখতে ও বলতে পারা চাই। দল পরিচালনায় অভিজ্ঞতা থাকা চাই। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pbssd.gov.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# পুরনো দলিল-দস্তাবেজ সংরক্ষণের সার্টিফিকেট কোর্স

পুরনো দলিল-দস্তাবেজ সংরক্ষণ বিষয়ে স্বল্প মেয়াদের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাউভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। কোর্সটির পুরো নাম 'সার্টিফিকেট কোর্স ইন সার্ভিসিং অ্যান্ড রিপেয়ার অব রেকর্ডস'। এটি একটি অনাবাসিক কোর্স। কোর্স চলবে ৯ সেপ্টেম্বর থেকে ১৮ অক্টোবর পর্যন্ত।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে হিন্দি ও ইংরেজি ভাষায় জ্ঞান থাকতে হবে। **বয়স:** ফ্রেশার প্রার্থীদের ক্ষেত্রে ৩০ বছর এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৫০ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** ৩০০ টাকা। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalarchives.nic.in

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফ্‌ট বা ব্যাঙ্কার্স চেকের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। ফি 'Director General of Archives, National Archives of India'-র অনুকূলে নিউ দিল্লিতে প্রদেয় হতে হবে।
✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৯ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান অয়েলে ২০১

*প্রথম পাতার পর*

শূন্য আসনের বিষয়ে জানানো হল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সংশোধিত) অনুসারে এই ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

আসনসংখ্যার বিবরণ: **ট্রেড অ্যাপ্রেন্টিস:** রাজ্য অনুসারে আসনসংখ্যা: তামিলনাড়ু ও পুদুচেরি: ১৪টি। কর্নাটক: ৬টি। কেরল: ৬টি। তেলঙ্গানা: ৬টি। অন্ধ্রপ্রদেশ: ৬টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** রাজ্য অনুসারে আসনসংখ্যা: তামিলনাড়ু ও পুদুচেরি: ১০টি। কর্নাটক: ৬টি। কেরল: ৬টি। তেলঙ্গানা: ৬টি। অন্ধ্রপ্রদেশ: ৬টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট:** রাজ্য অনুসারে আসনসংখ্যা: তামিলনাড়ু ও পুদুচেরি: ৫৫টি। কর্নাটক: ২৬টি। কেরল: ২০টি। তেলঙ্গানা: ১৪টি। অন্ধ্রপ্রদেশ: ১৪টি।

এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/SR/APPR/2019-20-Phase II.

শিক্ষাগত যোগ্যতা: ট্রেড অ্যাপ্রেন্টিস: মাধ্যমিক, সঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রনিক মেকানিক বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা মেশিনিস্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্টের ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা সিভিল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ১-১-২০১৭-র আগে ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ৩১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থীর প্যান কার্ড, আধার কার্ড এবং নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকা বাধ্যতামূলক।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-সহ জেনেরিক অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ইংলিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ অগস্ট। পরীক্ষাকেন্দ্র গুলি হল চেন্নাই, হায়দরাবাদ, বিজয়ওয়াড়া, কোচিন এবং ব্যাঙ্গালোর।

ট্রেনিংয়ের জন্য অনলাইন আবেদন করার আগে প্রার্থীকে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস হিসেবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এবং ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) হিসেবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https:apprenticeshipindia.org রেজিস্ট্রেশনের পর একটি রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন।

এরপর অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com অনলাইন আবেদন করা যাবে ৭ অগস্ট পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় আপলোড করবেন— ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং কালো কালিতে করা সই। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট বা স্কুল লিভিং সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

নথিপত্রগুলি পি ডি এফ বা জে পি জি ফর্ম্যাটে (১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গেট-২০২০ ফেব্রুয়ারি মাসে

২০২০ সালের গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং বা 'গেট' অনলাইন পরীক্ষা ১ ও ২ ফেব্রুয়ারি এবং ৮ ও ৯ ফেব্রুয়ারি। গেট স্কোর কার্ড তিন বছরের জন্য বৈধ থাকবে। ২০২০-র 'গেট' পরীক্ষার আয়োজক দিল্লির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। পরীক্ষার ফল ঘোষণা করা হবে ১৬ মার্চ।

'গেট' পরীক্ষায় সফল হলে ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক এবং অন্যান্য সরকারি স্কলারশিপ বা আর্থিক সহায়তা পেয়ে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, আর্কিটেকচারের ব্যাচেলর্স ডিগ্রিধারী এবং ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন এবং সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি বা আর্কিটেকচারের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স এবং সায়েন্সের সংশ্লিষ্ট শাখার স্নাতকোত্তর কোর্স ও ডক্টরাল প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও পরীক্ষা দেওয়ার জন্য আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বা ৫ বছরের স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। বৈধ 'গেট' স্কোর থাকলে বিভিন্ন কেন্দ্রীয় সরকারি সংস্থায় চাকরির জন্যও আবেদন করা যায়।

অনলাইন দরখাস্ত করা যাবে ৩ থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://gate.iitd.ac.in

পরীক্ষার ফি ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়া যাবে।

পশ্চিমবঙ্গে খড়্গপুর আই আই টি-র আওতাধীন কলকাতা, খড়্গপুর, হুগলি এবং গুয়াহাটি আই আই টি-র আওতাধীন আসানসোল-দুর্গাপুর, কল্যাণী ও শিলিগুড়িতে পরীক্ষাকেন্দ্র আছে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৩ জানুয়ারি থেকে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সুন্দরবন পুলিশ ডিস্ট্রিক্টে ড্রাইভার

২৫ জন ড্রাইভার নেবে সুন্দরবন পুলিশ ডিস্ট্রিক্ট। নিয়োগ হবে চুক্তিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। প্রার্থীকে বাংলায় পড়তে ও লিখতে জানতে হবে। এর পাশাপাশি ১-৭-২০১৭ তারিখ অনুসারে অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যল বা হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১-৭-২০১৭ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্ট নেওয়া হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে দুপুর ৩টের মধ্যে সংগ্রহ করা যাবে এই ঠিকানা থেকে: এম টি সেকশন, লট নম্বর ৮, কাকদ্বীপ, পিন-৭৪৩ ৩৪৭।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর ৩ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল। ✓ড্রাইভিং লাইসেন্সের নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৫ অগস্ট বিকেল ৫টার মধ্যে উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপবক্সে জমা দিতে হবে। দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: The Superintendent of Police, Sundarban Police District.

তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

## সরকারি প্রতিষ্ঠানে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট ও রিসার্চ ফেলো

প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র রিসার্চ ফেলো এবং রিসার্চ অ্যাসিস্ট্যান্ট পদে ৫ জনকে নেবে যাদবপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজি। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৩ অগস্ট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর R&C/523/2019. আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.career.iicb.res.in

সরাসরি চাকরি!


Mobile: 9735562628, 7318675797
GNM Nursing 3 Years
B.Sc Nursing 4 Years
M.Sc Nursing 2 Years
TIOMS (KCP MEMORIAL HOSPITAL)

**Admission in LAW 2019**
JIS University Campus, Kolkata, 81, Nilganj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361 / 86977 43362
Bar Council of India (BCI) দ্বারা স্বীকৃত
JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৯–২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা।
LLB, BBA-LLB (Int.), LLM কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীরা, ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

**Admission in B.Ed 2019**
JIS University Campus, Kolkata, 81, Nilganj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361 / 86977 43362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত
JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৯–২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা।
BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com–এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

# স্কলারশিপের খোঁজখবর

## নবম শ্রেণিতে পাঠরত প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের স্কলারশিপ

২০১৯-২০ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে পাঠরত প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে রাজ্য সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ। দৃষ্টি, শ্রবণ, অস্থি এবং মানসিক প্রতিবন্ধীরা আবেদন করবেন।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৪০ শতাংশ নম্বর-সহ অষ্টম শ্রেণি পাশ। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ২ লক্ষ টাকার নীচে।

ছাত্রছাত্রীদের নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকতে হবে।

রাজ্য বা কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ পেয়ে থাকলে আবেদন করবেন না।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান সংগ্রহ করা যাবে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিকের অফিস থেকে।

প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল ও প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৪ সেপ্টেম্বরের মধ্যে সরাসরি জমা দিতে হবে সংশ্লিষ্ট অফিসে।

## ১০০০ তফসিলি ছাত্রছাত্রীকে কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ

মেডিক্যাল সায়েন্স, ডেন্টাল সায়েন্স, ফার্মাসি, ইঞ্জিনিয়ারিং-সহ বিভিন্ন পেশাদারি বিষয়ে স্নাতকোত্তর স্তরের প্রথম বর্ষে পাঠরত ১,০০০ তফসিলি জাতি ও তফসিলি উপজাতিভুক্ত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার। স্কলারশিপের নাম: 'পোস্ট-গ্র্যাজুয়েট স্কলারশিপস ফর প্রফেশনাল কোর্সেস ফর এস সি/এস টি ক্যান্ডিডেটস'। স্কলারশিপ দেওয়া হবে ২ থেকে ৩ বছরের জন্য। প্রতি শিক্ষাবর্ষে স্কলারশিপ নবীকরণ করা হবে।

কোর্সগুলি অনুমোদিত হতে হবে এই সব কাউন্সিল দ্বারা— মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া, ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়া, ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়া, রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া, ন্যাশনাল ক্লিনিক্যাল টার্মিনোলজি অ্যান্ড ইনফর্মেশন সার্ভিস (এন সি টি আই এস), এন সি টি ই বার কাউন্সিল অব ইন্ডিয়া, অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই), ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ (আই সি এ আর), ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অব ইন্ডিয়া, ফরেন্সিক রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া।

দূরশিক্ষা ব্যবস্থায় পড়াশোনা করে থাকলে আবেদন করবেন না।

স্কলারশিপের পরিমাণ: ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি শাখার ক্ষেত্রে প্রতি মাসে ৭,৮০০ টাকা এবং বাকি শাখার ক্ষেত্রে প্রতি মাসে ৪,৫০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.scholarships.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। অনলাইন আবেদনের সময় প্রার্থীর ফটো, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, বার্ষিক পারিবারিক আয়ের নথি, টিউশন ফি-এর নথি-সহ প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**TVS**
**India's 3rd Largest 2 Wheeler Manufacturer & The No.1 in Customer Satisfaction (as per J. D. Power Survey) for consecutive 4 Years, TVS Motor Company Ltd. is looking for Candidates for their Authorized Main Dealerships across West Bengal**

**Workshop Manager:** BE / Diploma in any Technical Course with 5 Years of Experience in Team Handling.
**Locations:** Topsia, Taratala, VIP Road, B. T. Road, Canning, Durgapur, Asansol, Memari, Suri, Alipurduar, Siliguri, Howrah, Malda (Mathurapur), Contai, & Purulia.
*** Retired Army persons can also apply

**Service Advisor:** BE / Diploma in any Technical Course with 1–2 Years of Experience.
**Locations:** B. T. Road, Baruipur, Topsia, Titagarh, Madhyamgram, Durgapur, Burdwan, Memari, Suri, Krishnanagar, Asansol, Howrah, Alipurduar, Siliguri, Malda, Contai, Raiganj, Kharagpur & Purulia.
*** Freshers can also apply

**Customer Care Executive-Female Only:**
Graduate with Good Communication Skill in English, Hindi & Bengali
**Location:** Topsia, VIP Road, Memari, Durgapur, Bankura & Howrah
*** Fresher can also apply but candidates with at least 1 Year experience in Call Centre will be preferred.

**Technician:** Having at least 3 Years of Experience in 2 Wheeler Repairing. Requirement for all West Bengal.
*** 10th Pass / ITI Pass Candidate will be preferred

**Salary at par the Best in Industry + Performance Based Incentive + PF + ESI & Other Facilities**

Interested candidates can send their latest CV/Resume through e-mail to "Sourav.Senapati@tvsmotor.com" or Contact: +91 9073990372 / +91 9073990474.

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ জুলাই-২০ জুলাই

**১৫ জুলাই** প্রযুক্তিগত কারণে ভারতের চন্দ্রযানের উৎক্ষেপণ থমকে গেল। ইসরো সরকারি বিবৃতিতে জানিয়েছে, সাবধানতা অবলম্বন করে উৎক্ষেপণ আপাতত স্থগিত করা হয়েছে। ইসরোর একটি সূত্রে জানা গিয়েছে, চন্দ্রযান-২-এর বাহন জিএসএলভি মার্ক থ্রি রকেটের ক্রায়োজেনিক বা অতিশীতল জ্বালানির ট্যাঙ্কে বিভ্রাট দেখা দেওয়ায় স্থগিত হয়েছে উৎক্ষেপণ।

## কুলভূষণ মামলায় কূটনৈতিক জয় ভারতের



**১৭ জুলাই:** নেদারল্যান্ডসের দ্য হেগ-এ আন্তর্জাতিক আদালতে বড় কূটনৈতিক জয় পেল ভারত। ইন্টারন্যাশনাল কোর্ট অফ জাস্টিস কুলভূষণ যাদবের মামলায় নয়াদিল্লির বক্তব্যকেই মান্যতা দিল। ফলে পাকিস্তানে ধৃত কুলভূষণের ফাঁসির উপর স্থগিতাদেশ বহাল রইল। সেইসঙ্গে, ইসলামাবাদকে আদালত নির্দেশ দিয়েছে, কুলভূষণ যাতে ভারতীয় দূতাবাসের সঙ্গে যোগাযোগ করতে পারেন এবং সব ধরনের আইনি সহায়তা পান, তা নিশ্চিত করতে হবে। পাক সামরিক আদালতের রায় একেবারে খারিজ করে না দিলেও আন্তর্জাতিক আদালতের নির্দেশ মৃত্যুদণ্ডের রায় আরও একবার খতিয়ে দেখা হোক। উল্লেখ্য, ২০১৬ সালের মার্চে চরবৃত্তির অভিযোগে কুলভূষণকে বালুচিস্তান থেকে গ্রেপ্তার করে পাকিস্তানি সেনা। ২০১৭ সালে পাক সেনা আদালতে মৃত্যুদণ্ড দেওয়া হয় তাঁকে। ভারত একমাসের মধ্যেই আন্তর্জাতিক আদালতে পাকিস্তানের বিরুদ্ধে মামলা করে।

**বিচারপতিদের যেন আর 'মাই লর্ড' বা** 'ইয়োর লর্ডশিপ' বলে সম্বোধন করা না হয় বলে কৌঁসুলি ও অন্যদের নোটিশ দিয়ে নিষেধাজ্ঞা জারি করল রাজস্থান হাইকোর্ট। ফুল কোর্টের সভায় সর্বসম্মতিতে লর্ড সম্বোধনের বিরুদ্ধে সিদ্ধান্ত গৃহীত হয়। ভারতীয় সংবিধানে সাম্যের অধিকারকে শ্রদ্ধা জানিয়েই এই সিদ্ধান্ত বলে জানা গিয়েছে। এর আগে ২০১৪-র জানুয়ারিতে বিচারপতি এইচ এল দত্ত এবং এস এ বোবদের বেঞ্চ জানায়, বিচারক-বিচারপতিদের লর্ড বলা আবশ্যিক নয়।

**লোকসভায় পাশ হল এনআইএ বিল।** ২৭৮ - ৬ ভোটে পাশ হল বিলটি। আগেই অবশ্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছিলেন, 'ভোটাভুটিতে ডিভিশন হলেই বোঝা যাবে, কারা সন্ত্রাসবাদকে সমর্থন করছেন, কারা করছেন না।' এবার রাজ্যসভায় বিলটি পাশ হলেই বিদেশে ভারতীয় সম্পত্তি ও ভারতীয়দের উপর সন্ত্রাসী হামলার তদন্তে জাতীয় তদন্তকারী সংস্থার (এনআইএ) গোয়েন্দারা নামতে পারবেন বলে অমিত শাহ জানিয়েছেন।

**বিজেপির বর্ষীয়ান নেতা কলরাজ মিশ্র** হিমাচল প্রদেশের রাজ্যপাল হিসেবে নিযুক্ত হলেন। মিশ্রের বয়স ৭৫ বছর হয়ে যাওয়ায় গত বারই তাঁকে মন্ত্রিসভা থেকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন নরেন্দ্র মোদী। অন্যদিকে, এদিনই পাঁচ বছরের মেয়াদ শেষ করলেন গুজরাতের রাজ্যপাল ও পি কোহলি। তাঁর জায়গায় এলেন হিমাচলের আচার্য দেবব্রত।

**সামরিক শাসনের অবসান হল** থাইল্যান্ডে। প্রধানমন্ত্রী প্রয়ুত চান-ওচা এদিন সামরিক সরকারের প্রধানের পদ থেকে ইস্তফা দিয়ে টিভি-বক্তৃতায় বলেছেন, থাইল্যান্ড এখন থেকে গণতান্ত্রিক দেশ। আপাতত সে দেশের সেনা-পন্থী দলগুলির সমর্থন নিয়ে প্রয়ুতই প্রধানমন্ত্রী থাকবেন। সামরিক অভ্যুত্থানের মধ্য দিয়ে ২০১৪ সালে থাইল্যান্ডের ক্ষমতা দখল করেছিলেন প্রাক্তন এই সেনানায়ক।

## প্রয়াত জেনারেল এরশাদ



**১৪ জুলাই:** বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতি ও বর্তমান বিরোধী দলনেতা হুসেইন মহম্মদ এরশাদ (৮৯) প্রয়াত হলেন। ১৯৩০-এর ১ ফেব্রুয়ারি এখনকার পশ্চিমবঙ্গের কোচবিহারের কুড়িগ্রামে এরশাদের জন্ম। ১৯৫২ সালে তৎকালীন পাকিস্তানি সেনাবাহিনীতে যোগ দিলেও ১৯৭৩-এ স্বাধীন বাংলাদেশে ফিরে তিনি সেনাবাহিনীতে বহাল হন। পরবর্তী সময়ে বাংলাদেশের সেনাপ্রধান থেকে দেশের ক্ষমতা দখল করে ১৯৮২ প্রেসিডেন্ট হন তিনি।



"আমাদের দেশের মাটিতে এখন অন্তত ৪০টি জঙ্গি সংগঠন সক্রিয়। তারা ৩০ থেকে ৪০ হাজার জঙ্গিকে নাশকতার প্রশিক্ষণ দিয়েছে। গত ১৫ বছর ধরেই ওই জঙ্গি গোষ্ঠীগুলি পাকিস্তানে সক্রিয় ছিল। কিন্তু তৎকালীন শাসকেরা তথ্য গোপন করেছিলেন।"

**ইমরান খান,** *পাক প্রধানমন্ত্রী*

মার্কিন সফরে গিয়ে ২৩ জুলাই ওয়াশিংটনের 'ইনস্টিটিউট অফ পিস'-এর একটি অনুষ্ঠানে

## পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল ধনখড়



**২০ জুলাই:** পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল হিসেবে জগদীপ ধনখড়ের নাম ঘোষণা করল কেন্দ্র। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আনুষ্ঠানিকভাবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ফোন করে নতুন রাজ্যপালের নাম জানান। বিদায়ী রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠীর মেয়াদের শেষ দিন ২৪ জুলাই। সুপ্রিম কোর্টের প্রবীণ আইনজীবী ধনখড় সক্রিয় রাজনীতিতেও অংশ নিয়েছিলেন। ১৯৮৯ থেকে ১৯৯১ সাল পর্যন্ত জনতা দলের টিকিটে লোকসভায় সাংসদ ছিলেন। ভি পি সিং মন্ত্রিসভায় সংসদীয় প্রতিমন্ত্রীও হন। এরপর কংগ্রেস হয়ে ২০০৩ সালে যোগ দেন বিজেপিতে।

## প্রয়াত শীলা দীক্ষিত



**২০ জুলাই:** প্রয়াত হলেন বিশিষ্ট কংগ্রেস নেত্রী ও দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী শীলা দীক্ষিত (৮১)। ১৯৮৪ সালে উত্তরপ্রদেশের কনৌজ থেকে প্রথমবার লোকসভায় নির্বাচিত হন তিনি। রাজীব গান্ধীর জমানায় সংসদীয় প্রতিমন্ত্রী ও পরে প্রধানমন্ত্রীর দপ্তরের প্রতিমন্ত্রী হিসেবে কাজ করেন। ১৯৯৮ সালে দিল্লির মুখ্যমন্ত্রী হন তিনি। ২০১৩ পর্যন্ত দিল্লির মুখ্যমন্ত্রী থাকার সময় দিল্লির উন্নতিতে তাঁর অবদান দলমত নির্বিশেষে সকলেই স্বীকার করেন। দিল্লি মেট্রো থেকে গণপরিবহণে সিএনজি-চালিত গাড়ির প্রচলনের মতো নানা প্রকল্প বাস্তবায়িত হয় তাঁর আমলেই। **ছবি:** পি টি আই

**কয়েক দিনের টানা বর্ষণ এবং ভারতের** উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে নেমে আসা জলে বাংলাদেশের বিস্তীর্ণ এলাকা বন্যার কবলে পড়ল। অন্তত ১০ লক্ষ মানুষ এই পরিস্থিতিতে জলবন্দি হয়ে পড়েছেন বলে খবরে প্রকাশ।

**১৬ জুলাই** ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেই জানিয়ে দিলেন, ২০১৫ সালের পরমাণু চুক্তির সমস্ত শর্তই একে একে লঙ্ঘন করবে ইরান। ইউরেনিয়ামের সমৃদ্ধকরণের ঊর্ধ্বসীমা ইতিমধ্যেই লঙ্ঘন করে গিয়েছে ইরান। তবে তারও আগে পরমাণু চুক্তি থেকে বেরিয়ে এসেছেন ট্রাম্প। পরমাণু চুক্তি নিয়ে ইউরোপীয় দেশগুলিরও নিন্দা করে খামেনেই বলেন, 'নিজেরা মানছেন না, অথচ আমাদের কাছ থেকে প্রত্যাশা করা হচ্ছে যে আমরা সব শর্ত মেনে চলব। জেনে রাখুন যে আমরা সবেমাত্র শর্ত লঙ্ঘন শুরু করেছি, এবং তা নিশ্চিত ভাবে চালিয়ে যাব।'

**১৭ জুলাই** ভারত এবং আন্তর্জাতিক মহলের প্রবল চাপে নিষিদ্ধ জঙ্গি সংগঠন জামাত উদ দাওয়ার প্রধান এবং ২৬/১১ মুম্বই হামলার নেপথ্যে থাকা হাফিজ মহম্মদ সইদকে গ্রেপ্তার করল পাক সন্ত্রাসদমন শাখা। গুজরানওয়ালার আদালত তাকে বিচারবিভাগীয় হেফাজতে পাঠানোর নির্দেশ দিলে সইদকে লাখপত জেলে নিয়ে যাওয়া হয়।

**চিনের জিনজিয়াং প্রদেশে উইঘুর** মুসলিমদের উপর চিনা প্রশাসনের দমন নীতির প্রেক্ষিতে চিনের পাশেই দাঁড়াল ইসলাম দুনিয়ার বড় অংশ। মুসলিম পীড়নের অভিযোগ থেকে চিনকে কার্যত ক্লিনচিট দিয়েছে ৩৭টি ইসলামি দেশ। পাকিস্তান, কাতার, সংযুক্ত আরব আমিরশাহি, সৌদি আরবের মতো মার্কিন মিত্ররাষ্ট্রগুলির পাশাপাশি মস্কো ঘনিষ্ঠ সিরিয়াও রয়েছে এই তালিকায়।

**কুখ্যাত মেক্সিকান মাদক ব্যবসায়ী 'এল** চাপো'কে মার্কিন আদালত যাবজ্জীবন কারাদণ্ড দিল। বেআইনিভাবে আগ্নেয়াস্ত্র ব্যবহারের জন্য তিরিশ বছরের অতিরিক্ত কারাদণ্ডও দেওয়া হয়েছে চাপোকে। সঙ্গে বিপুল অঙ্কের জরিমানা। উত্তর মেক্সিকোতে মাদকের নেটওয়ার্ক চলত চাপোর নেতৃত্বে। তার মাধ্যমেই কয়েকশো কোটি টাকার মাদক ঢুকত আমেরিকায়। মেক্সিকোয় আগে ধরা পড়লেও ২০১৫ সালে জেলের মধ্যে সুড়ঙ্গ বানিয়ে পালিয়ে যায় চাপো। পরে ধরা পড়ার পর মার্কিন প্রশাসনের হাতে তুলে দেওয়া হয় তাকে।

**প্রজন্মের পর প্রজন্ম ধরে নিজেদের চাষ** করা জমির অধিকার বজায় রাখতে গিয়ে গুলিবিদ্ধ হয়ে নিহত হলেন উত্তরপ্রদেশের সোনভদ্র জেলার ৯ আদিবাসী বাসিন্দা। মূল বিবাদ এই জেলার ঘোরাওয়াল গ্রামে ৩৬ একর জমি নিয়ে। পুলিশ জানায় এক আইএএস অফিসারের কাছ থেকে জমিটি কেনেন গ্রামপ্রধান যজ্ঞ দত্ত। অন্তত ৩২টি ট্রাক্টরে সশস্ত্র বাহিনী নিয়ে গ্রামপ্রধান জমি দখল করতে গেলে স্থানীয় আদিবাসী কৃষকেরা বাধা দেন। সশস্ত্র বাহিনী আদিবাসীদের উপর গুলি চালালে ঘটনাস্থলেই ওই ৯ জনের মৃত্যু হয়।

**ক্রিকেটের বিশ্বকাপ সেমিফাইনালে** উঠতে না পারার দায় কাঁধে নিয়ে পাকিস্তান ক্রিকেটের নির্বাচক কমিটির চেয়ারম্যানের পদ থেকে সরে দাঁড়ালেন প্রাক্তন পাক অধিনায়ক ইনজামাম উল হক। সূত্রের খবর, পাক ক্রিকেট বোর্ডই ইনজামামকে তিন বছরের মেয়াদ শেষের পর আগস্ট মাসে পদ থেকে সরিয়ে দিত।

**১৮ জুলাই** বিধাননগরের মেয়র পদ থেকে ইস্তফা দিলেন সব্যসাচী দত্ত। তাঁর বিরুদ্ধে আনা অনাস্থা-নোটিস চ্যালেঞ্জ করে দায়ের হওয়া মামলার নিষ্পত্তি হওয়ার আগেই পদ ছাড়লেন তিনি।

**কর্নাটকের বিশিষ্ট নাট্যপরিচালক এস** রঘুনন্দন সঙ্গীত নাটক অ্যাকাডেমির পুরস্কার প্রত্যাখ্যান করলেন। দেশে ধর্মের নামে একের পর এক গণপ্রহার এবং বিরোধী স্বরকে দমন করার আবহের বিরুদ্ধে নিজের হতাশা জানিয়ে এই পদক্ষেপ করেছেন তিনি। প্রসঙ্গত, মোদী জমানায় অসহিষ্ণুতার বিরুদ্ধে সরব হয়ে এর আগেও বহু বিশিষ্ট জন তাঁদের পুরস্কার ফিরিয়ে দিয়েছেন।

**১৯ জুলাই** আন্তর্জাতিক ক্রিকেটের আসর থেকে নির্বাসিত করা হল জিম্বাবোয়েকে। ক্রিকেটে সরকারি হস্তক্ষেপের কারণে আইসিসি-র এই সিদ্ধান্তে শোকস্তব্ধ জিম্বাবোয়ে ক্রিকেট মহল। সে দেশের নামী ক্রিকেটাররা প্রায় সকলেই মনে করছেন এই ঘটনায় তাঁদের ক্রিকেট-জীবনই কার্যত শেষ হয়ে গেল। আইসিসি-র নিয়ম অনুযায়ী, যে কোনও দেশেই ক্রিকেট প্রশাসন স্বাধীন ভাবে কাজ করবে। সেখানে কোনও সরকারি হস্তক্ষেপ চলবে না। যদিও জিম্বাবোয়ের ক্রীড়ামন্ত্রী কার্স্টে কভেন্ট্রি জানিয়েছেন, বোর্ডের কাজে সরকার আদৌ হস্তক্ষেপ করেনি। এই সিদ্ধান্তে আমরা বিস্মিত।

## প্রথমবার ক্রিকেট বিশ্বকাপ ইংল্যান্ডের



**১৪ জুলাই:** ফুটবলে ১৯৬৬ সালের ৫৩ বছর পর ক্রিকেটে বিশ্বজয়ের স্বপ্ন পূরণ করতে পারল ইংল্যান্ড। নিউজিল্যান্ডের সঙ্গে রুদ্ধশ্বাস ফাইনাল ম্যাচ পঞ্চাশ ওভারে টাই হয়ে গড়াল সুপার ওভারে। দু'টো দল এক এক ওভার করে ব্যাট করে। সেখানেও দু'টো দল তুলল ১৫ রান। কিন্তু ম্যাচে বেশি বাউন্ডারি মারার জন্য বিজয়ী হল ইংল্যান্ড। প্রথমে ব্যাট করে নিউজিল্যান্ড ৫০ ওভারে ৮ উইকেটে ২৪১ রান করে। ইংল্যান্ডও ৫০ ওভার শেষে সমান রান তুলেই অল আউট হয়। ম্যাচে দু'দলের মধ্যে সর্বোচ্চ রান বেন স্টোকসের। ৯৮ বলে ৮৪ রান। ম্যাচের সেরাও হন তিনি। তবে বিশ্বকাপে সবচেয়ে বেশি রান করেছেন ভারতের রোহিত শর্মা। ৯ ম্যাচে তিনি করেছেন ৬৪৮ রান। গড় ৮১.০০, ব্যাটিং স্ট্রাইক রেট ৯৮.৩৩। সেঞ্চুরি করেছেন পাঁচটি। অস্ট্রেলিয়ার মিচেল স্টার্ক হয়েছেন সর্বোচ্চ উইকেট প্রাপক। ১০ ম্যাচে নিয়েছেন ২৭ উইকেট। ইকোনমি রেট ৫.৪৩। সেরা বোলিং নিউজিল্যান্ডের বিরুদ্ধে ৫-২৬। বিশ্বকাপে সর্বোচ্চ ব্যক্তিগত রান অস্ট্রেলিয়ার ডেভিড ওয়ার্নারের। বাংলাদেশের বিরুদ্ধে তিনি করেন ১৬৬।

## উইম্বলডনে পুরুষদের সিঙ্গলস খেতাব জোকোভিচের



**১৪ জুলাই:** উইম্বলডনের ইতিহাসে পুরুষদের দীর্ঘতম ফাইনালে নোভাক জোকোভিচের সঙ্গে দুর্দান্ত লড়াই করেও হার মানলেন রজার ফেডেরার। লন্ডনের সেন্টার কোর্টে নোভাক জিতলেন ৭-৬, ১-৬, ৭-৬, ৪-৬, ১৩-১২ সেটে। পঞ্চমবার উইম্বলডন ট্রফি জিতে বিয়র্ন বর্গকে স্পর্শ করলেন জোকোভিচ। ম্যাচের পর ফেডেরার প্রসঙ্গে জোকোভিচ বলেন,'সর্বকালের অন্যতম সেরা খেলোয়াড় রজার ফেডেরারের বিরুদ্ধে আমার খেলোয়াড় জীবনের অন্যতম সেরা ফাইনাল। দুর্ভাগ্যবশত এই ধরনের ফাইনালে এক জনকে হারতেই হয়। দুটো ম্যাচ পয়েন্ট বাঁচিয়ে টাইব্রেকে ১২-১২ করা অবিশ্বাস্য লাগছে।' এই জয়ের পর ফেডেরারের সর্বোচ্চ ২০টি গ্র্যান্ড স্লাম ছোঁয়ার আরও কাছাকাছি চলে এলেন জোকোভিচ। গত ৩৯টি গ্র্যান্ড স্লাম ম্যাচের মধ্যে ৩৮টিতেই জিতেছেন তিনি। একমাত্র ম্যাচটি হেরেছেন তিনি ফরাসি ওপেনের সেমিফাইনালে দমিনিক থিমের কাছে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## নম্বরের পিছনে না ছুটে বুঝে পাঠ্যবই পড়া দরকার



**অগ্নিমিত্র ভট্টাচার্য**
রিজিওনাল হেড (পূর্ব ভারত)
বহুজাতিক ই লার্নিং সংস্থা
প্রাক্তন স্টেশন হেড
বিগ এফ এম

ইন্টারভিউ দিতে যাওয়ার আগে নিজেকে কয়েকটা প্রশ্ন করো। কেন এই ইন্টারভিউ দিতে যাচ্ছ? কেন এই চাকরি করতে চাও? এই সংস্থায় তোমার অবদান কী হতে পারে?

তুমি যদি ফ্রেশার হও, তাহলে নিজেকে কীভাবে প্রেজেন্ট করলে, সেটা ইন্টারভিউয়ে খুব গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এর জন্য তোমার আত্মবিশ্বাস, প্যাশন বা আগ্রহ এবং পড়াশোনা— এই তিনের মধ্যে একটা যোগসূত্র থাকতেই হবে। অর্থাৎ যে কাজের জন্য ইন্টারভিউ দিতে এসেছ, তোমার আগ্রহও যেন তাতে পুরোমাত্রায় থাকে। সেইসঙ্গে তোমার পড়াশোনা এবং আত্মবিশ্বাসেও যেন সেই প্যাশন বা আগ্রহের একটা স্পষ্ট ছাপ লক্ষ করা যায়। সবাই এসেছে বলেই আমিও চলে এলাম— এমনটা যেন না হয়। আগ্রহ নেই অথচ সেই বিষয় নিয়ে কাজ করবে বলে ইন্টারভিউ দিতে এসেছ, এমন হলে কিন্তু খুব দ্রুত অভিজ্ঞ ইন্টারভিউয়ারের চোখে ধরা পড়ে যাবে।

### না বুঝে পড়া কাজে লাগে না

চাকরি খুঁজছ মানেই তোমার কাছ থেকে কিছুটা ম্যাচিওরিটি



আশা করা হবে। তোমার পাঠ্য বিষয় নিয়ে খুব কঠিন বা জটিল প্রশ্ন ইন্টারভিউয়ে তোমাকে কেউ করবে না। বরং সাধারণ এবং আপাত সহজ বিষয়গত প্রশ্নই আশা করতে পারো। যেটা দেখা হবে, তা হল, পাঠ্য বিষয়ের প্রয়োগ তুমি জানো কি না বা কীভাবে তা প্রয়োগ করছ।

নামকরা এক সংস্থায় এরিয়া হেড ছিলাম। সেখানে একবার কোনও কাজের জন্য ইঞ্জিনিয়ারদের ইন্টারভিউ নিতে হয়েছিল। ফ্রেশার প্রার্থী নেওয়ার কথাই ভাবা হয়েছিল। কাজেই ইন্টারভিউ দিতে আসা প্রত্যেককে একটি সাধারণ প্রশ্ন করা হয়, হর্সপাওয়ার সম্পর্কে। মুখস্থ করে রাখা হর্সপাওয়ারের সংজ্ঞা প্রায় সবাই বলতে পেরেছিল। কিন্তু বাস্তবে বিষয়টা কী, কীভাবে কাজ করে— তার উত্তর মাত্রই দু'একজন, তাও একটু-আধটু দিতে পারল। অবাক হলাম। সকলেই ২২-২৬ বছর বয়সি ছেলেমেয়ে, সবে কিছুদিন হল পাশ করেছে, এরই মধ্যে ভুলে যাওয়ার কথা নয়।

ওই ইন্টারভিউ থেকে আমাদের এই ধারণাই দৃঢ় হল যে, ছেলেমেয়েরা যা পড়েছে, তার কিছুই বুঝে পড়েনি। কী পড়ছে, কেন পড়ছে, তা না বুঝেই মুখস্থ করেছে। ফলে ইন্টারভিউতে বেসিক প্রশ্ন করা হলেও, উত্তর দিতে পারছে না। শেষ পর্যন্ত সেই পদের জন্য সংস্থারই অন্য শাখা থেকে বদলি করিয়ে লোক নিয়োগ করতে হয়। অথচ ইন্টারভিউয়ের ফ্রেশার প্রার্থীদের মধ্য থেকে কারও চাকরি হতেই পারত। শুধু পড়াশোনাটা একটু মন দিয়ে করেনি বলে হল না।

এইভাবে প্রস্তুতি নিলে নিজের উপর বিশ্বাসটাও তৈরি হয় না। তাই নম্বরের পিছনে না ছুটে নিজেকে ঠিক ভাবে তৈরি করাটাই শুধু দরকার। যেটুকু পড়ছ, ভালোবেসে পড়। যেটা ভালো লাগে, তাই নিয়েই পড়। বিষয়গত ভালোলাগা থাকলে তবেই তাকে বাস্তবের সঙ্গে মেলাতে পারবে।

### পরিস্থিতি অনুযায়ীয় রাস্তা বদলায়

বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পড়েছি। ইচ্ছে ছিল, এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ার। তার পর পরিস্থিতি বদলের সঙ্গে সঙ্গে জীবনের গতিপথ বদলেছে। পরে পেশাদারি জীবনেও নানা বাঁকের মুখে এসে দাঁড়াতে হয়েছে। প্রতিটি বদলের পর নিজেকে বোঝাতে হয়েছে, পারতেই হবে। সাফল্য পাওয়ার ক্ষেত্রে শুধু পরিশ্রমই নয়, এই আত্মবিশ্বাসটাও প্রবল জরুরি।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. শব্দের গতিবেগ বেশি হয়:
(a) কঠিন মাধ্যমে (b) বায়বীয় মাধ্যমে (c) শূন্য মাধ্যমে (d) তরল মাধ্যমে
2. নীচের কোনটি হোয়াইট ভিট্রিয়ল নামে পরিচিত?
(a) ফেরাস সালফেট (b) জিঙ্ক সালফেট (c) কপার সালফেট (d) ক্যালশিয়াম সালফেট
3. 'Quick Lime' বলা হয়:
(a) ক্যালশিয়াম কার্বোনেটকে (b) ক্যালশিয়াম বাই কার্বোনেটকে (c) ক্যালশিয়াম অক্সাইডকে (d) ক্যালশিয়াম হাইড্রোক্সাইডকে
4. 'Rare Earth' পারমাণবিক সংখ্যাবিশিষ্ট ধাতব মৌলের কোন শ্রেণিকে বলা হয়?
(a) 1- 17 (b) 27-37 (c) 47-71 (d) 57-71
5. হিমঘরে ব্যবহৃত গ্যাসটির নাম:
(a) অ্যামোনিয়া (b) নাইট্রোজেন (c) বিউটেন (d) অ্যাসিটিলিন
6. দার্শনিকের উল বলা হয়:
(a) জিঙ্ক সালফেটকে (b) জিঙ্ক অক্সাইডকে (c) কপার সালফেটকে (d) নাইট্রাস অক্সাইডকে
7. আলোর কোন রঙের তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম:
(a) বেগুনি (b) নীল (c) আকাশি (d) লাল
8. নীচের কোন লবণটি ফটকিরিতে আছে?
(a) ক্যালশিয়াম সালফেট (b) ম্যাগনেশিয়াম সালফেট (c) অ্যামোনিয়া সালফেট (d) পটাশিয়াম সালফেট
9. ডিস এরিয়াল এক ধরনের:
(a) অর্ধ বৃত্তাকার প্রতিফলক (b) বৃত্তাকার প্রতিফলক (c) উপবৃত্তকার প্রতিফলক (d) ডিম্বাকার প্রতিফলক
10. সাবমেরিন পেরিস্কোপের প্রতিফলক:
(a) উত্তল দর্পণ (b) অবতল দর্পণ (c) উভতল দর্পণ (d) অবতলোত্তল দর্পণ
11. ভিনিগারে কোন অ্যাসিড থাকে?
(a) সাইট্রিক অ্যাসিড (b) ল্যাকটিক অ্যাসিড (c) অ্যাসেটিক অ্যাসিড (d) ফরমিক অ্যাসিড
12. আলফ্রেড নোবেল একজন:
(a) পদার্থবিদ (b) রসায়নবিদ (c) অর্থনীতিবিদ (d) চিকিৎসক
13. 'Table Salt' বলতে বোঝায়:
(a) ম্যাগনেশিয়াম ক্লোরাইড (b) ক্যালশিয়াম ক্লোরাইড (c) সোডিয়াম ক্লোরাইড (d) পটাশিয়াম ক্লোরাইড
14. ইউরিয়ার সংকেত হল:
(a) Ca(OCl)Cl (b) $CO(NH_2)_2$ (c) $C_{10}H_8$ (d) $C_2H_4$
15. কোনও ধাতুকে গরম করলে ঘনত্ব:
(a) বাড়ে (b) কমে (c) অপরিবর্তিত থাকে (d) কোনওটিই নয়
16. তড়িৎ প্রবাহের ফলে অত্যন্ত তাপ সৃষ্টি হলেও বৈদ্যুতিক বাল্বের ফিলামেন্ট গলে বা পুড়ে যায় না কেন?
(a) বাল্বের ভিতর $O_2$ থাকে না (b) বাল্বের ভিতর $H_2$ থাকে না (c) বাল্বের ভিতর $CO_2$ থাকে না (d) বাল্বের ভিতর $SO_2$ থাকে না
17. জোনাকি পোকায় কী থাকার জন্য আলো জ্বলে?
(a) ক্লোরোপিকরিন (b) লুসিফেরিন (c) ইথাইল ম্যারকাপ্টন (d) থার্মাইট
18. অ্যাভোগাড্রোর সূত্র কোনটির ওপর প্রযোজ্য?
(a) কঠিন পদার্থ (b) তরল পদার্থ (c) বায়বীয় পদার্থ (d) কঠিন ও তরল পদার্থ
19. নীলস বোর হলেন একজন:
(a) পদার্থবিদ (b) রসায়নবিদ (c) চিকিৎসক (d) গণিতজ্ঞ
20. শাকসবজি সবুজ রাখতে ব্যবহার করা হয়:
(a) জিঙ্ক সালফেট (b) অ্যামোনিয়াম সালফেট (c) কপার সালফেট (d) ম্যাগনেশিয়াম সালফেট
21. ম্যালেরিয়া রোগের জন্য দায়ী মশাটি হল:
(a) অ্যানোফিলিস (b) কিউলেক্স (c) এডিস (d) কোনওটিই নয়
22. দূরের জিনিস দেখতে কোন লেন্স ব্যবহার করা হয়:
(a) উত্তল (b) অবতল (c) উত্তলোত্তল (d) অবতলোত্তল
23. নীচের কোনটি লাফিং গ্যাস
(a) নাইট্রাস অক্সাইড (b) জিঙ্ক অক্সাইড (c) কপার সালফেট (d) কপার অক্সাইড
24. নীচের কোনটি বায়ুর চেয়ে হালকা গ্যাস?
(a) হাইড্রোজেন (b) অক্সিজেন (c) কার্বন ডাইক্সাইড (d) নাইট্রোজেন
25. বলয় পরীক্ষায় সঙ্গে যুক্ত অ্যাসিড কোনটি?
(a) কার্বনিক অ্যাসিড (b) সালফিউরিক অ্যাসিড (c) হাইড্রোক্লোরিক অ্যাসিড (d) নাইট্রিক অ্যাসিড
26. এরোপ্লেনের চাকায় কোন গ্যাস ভরা থাকে?
(a) অক্সিজেন (b) হাইড্রোজেন (c) নাইট্রোজেন (d) কার্বন ডাইক্সাইড
27. অয়েল অব ভিট্রিয়ল কাকে বলে?
(a) সালফিউরিক অ্যাসিডকে (b) ফেরাস সালফেটকে (c) জিঙ্ক সালফেটকে (d) কপার সালফেটকে
28. নীচের কোনটি কলিচুনের সংকেত:
(a) $(NH_4)_2SO_4$ (b) $CH_3COOH$ (c) $C_2H_2$ (d) $Ca(OH)_2$
29. ক্যালশিয়াম অক্সাইড কী নামে পরিচিত?
(a) পোড়াচুন (b) ক্লোরোফর্ম (c) হাইপো (d) জিপসাম
30. কুইনাইন, নিকোটিন প্রভৃতি হল:
(a) অম্ল (b) ক্ষার (c) ক্ষারক (d) উপক্ষার
31. কোনটি হাইড্রোজেন-শোষক নয়?
(a) সোডিয়াম (b) প্ল্যাটিনাম (c) প্যালাডিয়াম (d) লোহা
32. চিলির রাজধানীর নাম:
(a) বুদাপেস্ট (b) বুখারেস্ট (c) ভিয়েনা (d) সান্তিয়াগো
33. মহানগরে লোকসংখ্যা হবে:
(a) 5 লক্ষাধিক (b) 10 লক্ষাধিক (c) 15 লক্ষাধিক (d) 20 লক্ষাধিক
34. 'লেটস মেক থিংস বেটার' কার স্লোগান?
(a) ফিলিপস-এর (b) ভিডিওকনের (c) ওনিডার (d) বি পি এল-এর
35. 'ইতালির ডেট্রয়েট' নামে খ্যাত:
(a) মিলান (b) তুরিন (c) পিসা (d) রোম
36. 38 নম্বর প্যারালাল আছে:
(a) উত্তর ও দক্ষিণ ভিয়েতনামের মধ্যে (b) ফ্রান্স ও জার্মানির মধ্যে (c) ভারত ও চিন-এর মধ্যে (d) উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যে
37. ভারতের কোন রাষ্ট্রপতি সর্বাধিককাল পদ অলঙ্কৃত করেছেন?
(a) সর্বপল্লী রাধাকৃষ্ণন (b) জাকির হোসেন (c) ভি ভি গিরি (d) শঙ্করদয়াল শর্মা
38. কোন যুদ্ধে টিপু সুলতানের মৃত্যু হয়?
(a) দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (b) তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (c) পঞ্চম ইঙ্গ-মহীশূর যুদ্ধ (d) চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ
39. মরীচিকা কী কারণে উৎপত্তি হয়?
(a) প্রতিফলন (b) প্রতিসরণ (c) অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন (d) বিক্ষিপ্ত প্রতিফলন
40. কোন কলার মাধ্যমে জল মাটি থেকে পাতায় পৌঁছয়?
(a) জাইলেম (b) প্যারেনকাইমা (c) ফ্লোয়েম (d) কোলেনকাইমা
41. কোন সরকার পণ্ডিত রবিশঙ্করকে 'কম্যান্ডার অব দি লিজিয়ন অব অনারে' ভূষিত করেন?
(a) ইংল্যান্ড সরকার (b) আমেরিকা সরকার (c) ফ্রান্স সরকার (d) পর্তুগাল সরকার
42. 'Man and Superman' বইটির লেখক হলেন:
(a) জর্জ বার্নার্ড শ (b) ভিক্টর হুগো (c) ম্যাক্সিম গোর্কি (d) ড্যানিয়েল ডিফো
43. তীজ উৎসবটি:
(a) হিমাচল প্রদেশের (b) উত্তরপ্রদেশের (c) বিহারের (d) রাজস্থানের
44. ক্রিপস মিশন কার সময়ে হয়েছিল?
(a) ওয়েলিংটন (b) লিনলিথগো (c) ওয়াভেল (d) আরউইন
45. ভারতের একমাত্র 'Wild Ass Sanctuary' আছে:
(a) ওড়িশাতে (b) ঝাড়খণ্ডে (c) পশ্চিমবঙ্গে (d) গুজরাটে
46. নীচের কোন আন্তর্জাতিক সংস্থাটি শান্তিতে নোবেল পুরস্কার পেল?
(a) i can (b) we care (c) Help you (d) we did
47. রামনাথ কোবিন্দ দেশের কততম রাষ্ট্রপতি?
(a) ত্রয়োদশ (b) চতুর্দশ (c) পঞ্চদশ (d) ষষ্ঠদশ
48. এবারে অনূর্ধ্ব 17বিশ্বকাপ ফুটবল জিতল কোন দেশ?
(a) ইংল্যান্ড (b) স্পেন (c) ইতালি (d) ফ্রান্স
49. দুর্নীতির অভিযোগে সম্প্রতি সাড়ে ন'বছরের কারাদণ্ড হয়েছে লুইজ ইনাসিও লুলা দ্য সিলভার-এর। ইনি কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?
(a) ব্রাজিল (b) চিন (c) চিলি (d) পেরু
50. কোন জেলাটি 23তম জেলার স্বীকৃতি পেল?
(a) কালিম্পং (b) পশ্চিম বর্ধমান (c) ঝাড়গ্রাম (d) আলিপুরদুয়ার
51. ফাঁকা স্থানে কী হবে?
সুদর্শন : স্বামী : : শিক্ষক : ?
(a) স্ত্রী (b) সে (স্ত্রীলোক) (c) নারী (d) মেয়ে
52.




(a) 29 (b) 28 (c) 22 (d) 26
53. অবলুপ্ত সংখ্যাটি কত?
2, 5, 10, 17, 26, 37, ?
(a) 61 (b) 58 (c) 75 (d) 50
54. সাংকেতিক ভাষায় WARM কথাটিকে 'ZDUP' লেখা হলে, FACE কে লেখা হবে:
(a) IDFH (b) DIFH (c) FDIH (d) HDFI
55. জনসংখ্যা, মহিলা ও শিক্ষিকার মধ্যে কোন ছবিটি আন্তঃসম্পর্কযুক্ত?




56. চতুর্থ ঘড়ির কাঁটার অবস্থান নির্ণয় করুন:




57. BZA, DYE, GXI, KWM __?__ .
(a) NUQ (b) OVT (c) PVQ (d) RVR
58. যদি বৃষ্টি হয় জল, জল হয় রাস্তা, রাস্তা হয় মেঘ, মেঘ হয় আকাশ, আকাশ হয় সমুদ্র এবং সমুদ্র হয় পথ, তবে এরোপ্লেন কোথায় ওড়ে?

এরপর এগারোর পাতায়

পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

# আই সি ডি এস সুপারভাইজর

## নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১ সেপ্টেম্বর

1. 'ট্রিপল অ্যান্টিজেন' হল:
(a) ডিপথেরিয়া, টিবি ও হুপিং কাশির জন্য (b) ডিপথেরিয়া, লেপ্রসি ও হামের জন্য (c) ডিপথেরিয়া, টিটেনাস ও স্মল পক্সের জন্য (d) ডিপথেরিয়া, টিটেনাস ও হুপিং কাশির জন্য
2. 'DOTS' চিকিৎসা কোন রোগের সঙ্গে যুক্ত?
(a) লেপ্রসি (b) ম্যালেরিয়া (c) টিউবারকিউলোসিস (d) ডিপথেরিয়া
3. ভিটামিনের আকৃতিসম্পন্ন কিন্তু গুণসম্পন্ন নয়, তাদের বলা হয়:
(a) প্রো ভিটামিন (b) অ্যান্টি ভিটামিন (c) সিউডো ভিটামিন (d) অ্যাভিটোমিন
4. সবচেয়ে বেশি ভিটামিন-'এ' পাওয়া যায়:
(a) গাজরে (b) কুমড়োয় (c) বাঁধাকপিতে (d) কাঁচা লঙ্কায়
5. 'আয়োডিন' আবিষ্কার করেন:
(a) বার্নার্ড করটয়স (b) হেনিং ব্র্যান্ড (c) স্যার হামফ্রি ডেভি (d) জর্জ ব্র্যান্ড
6. দুধের মধ্যে যে অল্প পরিমাণ শর্করা থাকে তাকে বলা হয়:
(a) গ্লুকোজ (b) ফ্রুক্টোজ (c) সুক্রোজ (d) ল্যাকটোজ
7. কালমেঘ গাছের বিজ্ঞানসম্মত নাম হল:
(a) ফিকাস বেঙ্গালেনসিস (b) অ্যান্ড্রোগ্রাফিস প্যানিকুলাটা (c) ওসিমাম স্যাঙ্কটাম (d) ভিটিস ভিনিফেরা
8. কেন্দ্রীয় সরকারের 'লক্ষ্য স্কিম'-এর উদ্দেশ্য হল:
(a) কৃষিজ পণ্যের উন্নতি (b) শিশুশিক্ষার উন্নতি (c) মাতৃত্বকালীন স্বাস্থ্যের উন্নতি (d) দরিদ্রদের স্বাস্থ্যের উন্নতি
9. ডিসপোজাল হাইপোডারমিক সিরিঞ্জ আবিষ্কারক কলিন আলবার্ট মার্ডক কোন দেশের নাগরিক ছিলেন?
(a) নিউজিল্যান্ড (b) রাশিয়া (c) স্কটল্যান্ড (d) আমেরিকা
10. পোকামাকড় দেখে ভয় পাওয়াকে কী বলা হয়?
(a) গ্রাফোফোবিয়া (b) এন্টোমোফোবিয়া (c) হাইড্রোফোবিয়া (d) পাইরোফোবিয়া
11. 'অটোস্কোপ' যন্ত্রটি ব্যবহার করা হয়:
(a) দাঁতের পরীক্ষায় (b) নাকের পরীক্ষায় (c) কানের পর্দার পরীক্ষায় (d) চোখের পরীক্ষায়
12. পাকা ফলে প্রচুর পরিমাণে কী পাওয়া যায়?
(a) কোলেস্টেরল (b) ল্যাকটোজ (c) কার্বোহাইড্রেড (d) ফ্রুকটোজ
13. চোখের রড কোষ গঠনে কোন ভিটামিনের প্রয়োজন?
(a) ভিটামিন-এ (b) ভিটামিন-ডি (c) ভিটামিন-সি (d) ভিটামিন-ই
14. 'উইডাল টেস্ট' কোন রোগ নির্ণয় করার জন্য করা হয়?
(a) চিকেন পক্স (b) পোলিও (c) টাইফয়েড (d) ম্যালেরিয়া
15. যে সব যৌগ থেকে ভিটামিন সংশ্লেষিত হয়, তাদের কী বলে?
(a) অ্যাভিটোমিন (b) প্রোটিন (c) অ্যান্টিভিটামিন (d) প্রোভিটামিন
16. ফলিক অ্যাসিডের প্রধান উৎস হল:
(a) পালং শাক (b) গাজর (c) পেঁপে (d) কলা
17. আলফা কেরটিন প্রোটিনের উপস্থিতি দেখা যায়:
(a) দুধে (b) রক্তে (c) ত্বকে (d) ডিমে
18. জন্মের পর শিশুর ওরাল পোলিও ভ্যাকসিনের ডোজকে বলা হয়:
(a) ফার্স্ট ডোজ (b) জিরো ডোজ (c) সিঙ্গল ডোজ (d) সেকেন্ড ডোজ
19. নীচের কোনটি একটি ভাইরাল অসুখ?
(a) রুবেলা (b) ডিপথেরিয়া (c) নিউমোনিয়া (d) মেনিনজিটাইটিস
20. কোন ভিটামিনকে আলফা টোকোফেরল বলা হয়?
(a) ভিটামিন-এ (b) ভিটামিন-বি (c) ভিটামিন-ই (d) ভিটামিন-কে
21. পশ্চিমবঙ্গের দরিদ্র মেয়েদের বিবাহের জন্য আর্থিক সাহায্যদানের প্রকল্পটির নাম হল:
(a) রূপশ্রী (b) সৌরশ্রী (c) রাজশ্রী (d) কন্যাশ্রী
22. পোলিও ভ্যাকসিন ভাওয়ালের মাঝে বর্গক্ষেত্রে কোন রংটি ভ্যাকসিনটি সঠিকভাবে সংরক্ষিত (well Stored) কিনা বুঝতে সাহায্য করে?
(a) সবুজ (b) গোলাপি (c) নীল (d) সাদা
23. 'বাটারফ্লাই' কথাটি কোন খেলার সঙ্গে সম্পর্কিত?
(a) কুস্তি (b) ফুটবল (c) ভলিবল (d) সাঁতার
24. 'সতীশ' ও 'সাবিত্রী' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসের চরিত্র?
(a) নিষ্কৃতি (b) চরিত্রহীন (c) দেনাপাওনা (d) বড়দিদি
25. 'অ্যান্টিভেনিন' ওষুধটি ব্যবহৃত হয়:
(a) ইঁদুর কামড়ালে (b) বিড়াল কামড়ালে (c) কুকুর কামড়ালে (d) সাপ কামড়ালে
26. নীচের কোনটি একটি ব্যাক্টেরিয়ার নাম?
(a) স্ট্রেপটোকোকাস (b) র‍্যাবিস (c) ম্যাক্সো (d) প্লাজমোডিয়াম ভাইভক্স
27. গঙ্গাসাগর মেলা কোন মাসে অনুষ্ঠিত হয়?
(a) মার্চ (b) জানুয়ারি (c) ফেব্রুয়ারি (d) ডিসেম্বর
28. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে' এই বিখ্যাত পঙ্‌ক্তিটি কার?
(a) কামিনী রায় (b) নেতাজি সুভাষচন্দ্র বোস (c) কাজী নজরুল ইসলাম (d) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
29. নীচের কোন ভিটামিনটি চর্বি জাতীয় পদার্থে দ্রবণীয়?
(a) ভিটামিন-K (b) ভিটামিন- C (c) ভিটামিন-$B_1$ (d) ভিটামিন-$B_2$
30. পুনম যাদব কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বাস্কেটবল (b) স্কোয়াশ (c) কুস্তি (d) ভারোত্তোলন
31. প্রকৃতিগতভাবে ভারতের সংবিধান হল:
(a) নমনীয় (b) অনমনীয় (c) দুষ্পরিবর্তনীয় (d) অংশত নমনীয়, অংশত অনমনীয়
32. 'Government of the people, by the people, for the people'— এই বিখ্যাত উক্তিটি কার?

এরপর বারোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) রাস্তায় (b) সমুদ্রে (c) মেঘে (d) জলে

59. MOB-এর 'water Image' হবে:

(a) ꓭOM (b) MOB (c) MOꓭ (d) BOM

60. একটি ভোজনসভায় 10 জন সদস্য প্রত্যেকের সঙ্গে করমর্দন করলে করমর্দনের সংখ্যা হবে:

(a) 45 (b) 100 (c) 40 (d) 60

61. লুডোর ছক্কায় 2-এর বিপরীতে থাকে?

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

62. নীচের ছবিতে ক'টি ত্রিভুজ আছে?



(a) 11টি (b) 12টি (c) 13টি (d) 14টি

63. রাম পূর্বদিকে 5 কিলোমিটার যাওয়ার পর বাঁদিকে ঘুরে 3 কিলোমিটার ভ্রমণ করে। তারপর সে আবার বাঁদিকে 3 কিলোমিটার ভ্রমণ করে। এখন রাম প্রারম্ভিক অবস্থান থেকে কতদূরে আছে?

(a) 14 কিমি (b) 9 কিমি (c) 5 কিমি (d) $\sqrt{13}$ কিমি

64. পেড্রো রোজ হয় শিকার করতে নয় মাছ ধরতে যায়। যদি বরফ পড়ে এবং ঝড় এবং পেড্রো শিকারে যায়। যদি রোদ থাকে এবং ঝড় হয় তাহলে পেড্রো মাছ ধরতে যায়। মাঝে মাঝে বরফও পড়ে আবার রোদও ওঠে। তবে নীচের বিবৃতিগুলির কোনটি সঠিক?

(a) রোদ না উঠলে এবং বরফ পড়লে পেড্রো শিকারে যায় (b) যদি ঝড় হয় এবং পেড্রো এবং পেড্রো শিকার করতে না যায় তাহলে নিশ্চয় বরফ পড়েনি (c) যদি ঝড় বয় এবং রোদ না থাকে তাহলে পেড্রো শিকারে যায় (d) যদি বরফ পড়ে এবং রোদ ওঠে তাহলে পেড্রো শিকারে যায়

65.

| | | |
|---|---|---|
| 10 | 17 | 40 |
| 30 | 13 | 20 |
| 40 | 40 | ? |

(a) 20 (b) 30 (c) 50 (d) 80

66.




(a) 88 (b) 102 (c) 124 (d) 129

67. SISTER-এর সাংকেতিক চিহ্ন হল 90, JOYFUL-এর সংকেত হবে:

(a) 95 (b) 90 (c) 89 (d) 87

68.




(a) 21 (b) 25 (c) 50 (d) 60

69. কোনটি অন্যগুলি থেকে আলাদা?

(a) AZ (b) BY (c) CX (d) DV

70. 2, 7, 17, 32, 52, 77, ?

(a) 107 (b) 87 (c) 82 (d) 117

71. ? : 4 :: 8 : 16

(a) 2 (b) 4 (c) 6 (d) 8

72.

| | | |
|---|---|---|
| 7 | 13 | 10 |
| 15 | 15 | 20 |
| 5 | 25 | ? |

(a) 20 (b) 30 (c) 40 (d) 50

73.




(a) 12 (b) 13 (c) 14 (d) 15

74. HEN-এর থেকে যদি 7413 লেখা হয় তবে BAT-কে লেখা হবে:

(a) 1019 (b) 1020 (c) 1021 (d) 1022

75. JOYFUL-কে যদি লেখা হয় OJFYLU তবে ANNUAL-কে লেখা হবে:

(a) NUALAN (b) NAUNLA (c) NALUNA (d) ALNUAN

76. একটি বৃত্তের ব্যাসার্ধ 10% হ্রাস পেলে বৃত্তটির ক্ষেত্রফল কত হ্রাস পাবে?

(a) 10% (b) 15% (c) 19% (d) 29%

77. তিনটি সংখ্যার সমষ্টি 183, প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 2 : 5 এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অনুপাত 3 : 8 হলে, দ্বিতীয় সংখ্যা:

(a) 30 (b) 60 (c) 75 (d) 45

78. 24 জন শ্রমিক 30 দিনে 600টি জামা সেলাই করতে পারেন। 12 দিনে 210টি জামা সেলাই করতে শ্রমিকের সংখ্যা:

(a) 14 (b) 21 (c) 16 (d) 18

79. লবণ ও জলের দ্রবণে 12% লবণ আছে। এরূপ 8 লিটার দ্রবণ থেকে 2 লিটার বাষ্পীভূত হলে অবশিষ্ট দ্রবণে লবণের শতকরা হার:

(a) 20% (b) 18% (c) 16% (d) 14%

80. 30 টাকা কিলোগ্রাম দরের চলের সঙ্গে 25 টাকা কিলোগ্রাম দরের চাল কী অনুপাতে মেশালে মিশ্র চালের দাম প্রতি কিলোগ্রাম 27 টাকা হবে?

(a) 2 : 3 (b) 3 : 4 (c) 4 : 5 (d) 5 : 6

81. একজন ব্যাটসম্যানের প্রথম 8টি ইনিংসের গড় 20.5, নবম ইনিংসে কত রান করলে তাঁর রানের গড় বেড়ে 23 হবে?

(a) 41 (b) 43 (c) 45 (d) 47

82. শিবানী ও শাবানা একটি যৌথ ব্যবসায় 5 : 6 অনুপাতে মূলধন বিনিয়োগ করল। 8 মাস পরে শিবানী ব্যবসা থেকে মূলধন তুলে নেওয়ায় তাদের লভ্যাংশের অনুপাত 5 : 9 হল। শাবানার মূলধন কত সময়ের জন্য বিনিয়োগ হয়েছিল?

(a) 10 মাস (b) 12 মাস (c) 14 মাস (d) 16 মাস

83. একটি বৃত্তাকার চাকার ব্যাস $\frac{7}{2}$ মিটার। 6600 মিটার যেতে চাকাটির সম্পূর্ণ আবর্তনের সংখ্যা:

(a) 660 (b) 630 (c) 600 (d) 550

84. একটি যন্ত্রের অবচয় ঘটে প্রতি বছরের প্রারম্ভিক মূল্যের 10% হারে। যন্ত্রটির বর্তমান মূল্য 8000 টাকা হলে 3 বছর পরে তার মূল্য:

(a) 5852 টাকা (b) 5832 টাকা (c) 5812 টাকা (d) 6002 টাকা

85. বিদ্যালয়ের নবম শ্রেণির বাৎসরিক পরীক্ষায় ইতিহাসে 24%, ভূগোলে 43%, এবং উভয় বিষয়ে 13% ছাত্রী অকৃতকার্য হয়েছে। উভয় বিষয়ে কৃতকার্য ছাত্রীর সংখ্যা 115 হলে, পরীক্ষার মোট পরীক্ষার্থীর সংখ্যা:

(a) 150 (b) 200 (c) 250 (d) 300

86. একজন টিভি বিক্রেতা টিভির লিখিত মূল্যের ওপর 5% ছাড় দেন। টিভির লিখিত মূল্যের ওপর শতকরা কত বেশি চিহ্নিত করলে তার 14% লাভ হবে?

(a) 20% (b) 17.5% (c) 15% (d) 12.5%

87. একজন ফল বিক্রেতা 100 টাকায় 5টি করে কমলালেবু এবং অপর এক প্রকারের 100 টাকায় 4টি করে সমসংখ্যক কমলালেবু কিনে মিশিয়ে দিলেন, পরে 200 টাকায় 9টি করে কমলালেবু বিক্রয় করায় 300 টাকা ক্ষতি হল। মোট কেনা কমলালেবুর সংখ্যা কত?

(a) 360 (b) 1080 (c) 480 (d) 540

88. এক ব্যক্তি প্রতি লিটার 250 টাকা দরে কোনও রাসায়নিক কিনে জল মিশ্রিত করে প্রতি লিটার 200 টাকা দরে বিক্রয় করলেন। এতে তাঁর লাভের শতকরা হার 25% হলে, ভেজাল দ্রবণে রাসায়নিক জলের অনুপাত:

(a) 16 : 9 (b) 8 : 3 (c) 7 : 2 (d) 4 :1

89. একটি দলে 8 জন সদস্য আছেন। দল থেকে 56 kg ওজনের একজন সদস্যের পরিবর্তে অপর একজন সদস্য যোগ দেওয়ায় সদস্যদের গড় ওজন 1.5 kg বৃদ্ধি পেল। নতুন সদস্যের ওজন:

(a) 62 kg (b) 64 kg (c) 66 kg (d) 68 kg

90. 2 বছর পূর্বে A ও B-এর বয়সের অনুপাত 3 : 2 ছিল। 2 বছর পরে তাদের বয়সের অনুপাত 4 : 3 হবে। তাদের বর্তমান বয়সের সমষ্টি:

(a) 20 বছর (b) 22 বছর (c) 24 বছর (d) 26 বছর

91. বার্ষিক 5% হারে কত বছরে কোনও টাকার সুদ আসলের $\frac{3}{5}$ অংশ হবে?

(a) 8 বছর (b) 10 বছর (c) 12 বছর (d) 15 বছর

92. আলুর দাম 25% বৃদ্ধি পেয়েছে। কোনও পরিবারে, আলুর জন্য খরচ অপরিবর্তিত রাখতে হলে আলুর খরচ শতকরা কত কমাতে হবে?

(a) 22.5% (b) 20% (c) 17.5% (d) 15%

93. 500 অপেক্ষা ছোট কোন সংখ্যা 6, 16, 20 দ্বারা বিভাজ্য হবে?

(a) 480 (b) 460 (c) 440 (d) 420

94. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 82, 104, 148-কে ভাগ করলে একই ভাগশেষ থাকবে?

(a) 33 (b) 44 (c) 32 (d) 22

95. বাসের ভাড়া 25% বৃদ্ধি পাওয়ায় যাত্রীসংখ্যা 25% কমে গেল। বাসের আয়ের শতকরা হ্রাসবৃদ্ধি:

(a) $6\frac{1}{4}$% বৃদ্ধি (b) $6\frac{1}{4}$% হ্রাস (c) 4% বৃদ্ধি (d) 4% হ্রাস

96. বিক্রয়মূল্যের ওপর 20% লাভ হলে ক্রয়মূল্যের ওপর শতকরা লাভ হবে:

(a) $22\frac{1}{2}$% (b) $27\frac{1}{2}$% (c) 25% (d) 30%

97. ধার্যমূল্যের ওপর 25% কমিশন দিয়ে একজন বিক্রেতা 20% লাভ করেন। একটি সামগ্রী বিক্রয় করে 9 টাকা লাভ হলে, সামগ্রীর ধার্যমূল্য:

(a) 84 টাকা (b) 72 টাকা (c) 80 টাকা (d) 92 টাকা

98. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 55 বছর। 16 বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে। পিতার বর্তমান বয়স:

(a) 42 (b) 36 (c) 44 (d) 48

99. কিছু পরিমাণ টাকা সরল সুদে 3 বছরের জন্য বিনিয়োগ করা হল। 2% অধিক হারে বিনিয়োগ করলে 600 টাকা অধিক সুদ পাওয়া যেত। মোট বিনিয়োগের পরিমাণ:

(a) 8000 টাকা (b) 9000 টাকা (c) 10000 টাকা (d) 12000 টাকা

100. একটি নৌকা স্রোতের অনুকূলে 8 ঘণ্টায় 12 কিলোমিটার গিয়ে ফিরে আসতে তিনগুণ সময় নিল। (স্রোতের বেগ – কিমি/ঘণ্টা এককে):

(a) 0.5 কিমি/ঘণ্টা (b) 3.5 কিমি/ঘণ্টা (c) 2 কিমি/ঘণ্টা (d) 1.5 কিমি/ঘণ্টা

### উত্তর

1(a), 2(b), 3(c), 4(d), 5(a), 6(b), 7(a), 8(d), 9(a), 10(b), 11(c), 12(b), 13(c), 14(b), 15(b), 16(a), 17(b), 18(c), 19(a), 20(c), 21(a), 22(a), 23(a),24(a), 25(d), 26(c), 27(a), 28(d), 29(a), 30(d), 31(a), 32(d), 33(b), 34(a), 35(b), 36(d), 37(a), 38(d), 39(c), 40(a), 41(c), 42(a), 43(d), 44(b), 45(d), 46(a), 47(b), 48(a), 49(a), 50(b), 51(a), 52(d), 53(d), 54(a), 55(c), 56(c), 57(c), 58(b), 59(b), 60(a), 61(c), 62(c), 63(d), 64(b), 65(d), 66(c), 67(c), 68(b), 69(d), 70(a), 71(a), 72(a), 73(c), 74(a), 75(b), 76(c), 77(d), 78(b), 79(c), 80(a), 81(b), 82(b), 83(c), 84(b), 85(c), 86(a), 87(b), 88(a), 89(d), 90(c), 91(c), 92(b), 93(a), 94(d), 95(b), 96(c), 97(b), 98(a), 99(c), 100(a).

### সমাধান

52(d): 7 + 1 = 8, 8 + 1 = 9

20 + 3 = 23, 23 + 3 = 26

53(d): 2, 5, 10, 17, 26, 37, 50

+3, +5, +7, +9, +11, + 13

54(a):

| | | | |
|---|---|---|---|
| W | A | R | M |
| ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 |
| Z | D | U | P |
| F | A | C | E |
| ↓+3 | ↓+3 | ↓+3 | ↓+3 |
| I | D | F | H |

57(c):

| | | |
|---|---|---|
| B | Z | A |
| ↓+2 | ↓–1 | ↓+4 |
| D | Y | E |
| ↓+3 | ↓–1 | ↓+4 |
| G | X | I |
| ↓+4 | ↓–1 | ↓+4 |
| K | W | M |
| ↓+5 | ↓–1 | ↓+4 |
| P | V | Q |

60(a): করমর্দনের সংখ্যা $= \frac{n(n-1)}{2}$, n = যত জন

করমর্দনের সংখ্যা $= \frac{10(10-1)}{2} = 5 \times 9 = 45$.

61(c): লুডোর ছক্কা বিজ্ঞান সম্মত ছক্কা

∴ বিপরীত দু'টি তলের যোগফল = 7 ∴ 7 – 2 = 5.

63(d):




$AB = \sqrt{AC^2 + CB^2} = \sqrt{2^2 + 3^2} = \sqrt{13}$.

65(d): (10 + 30) + 0 = 40/(17 + 13) + 10 = 40/(40 + 20) + 20 = 80

66(c): $2^3 - 1 = 7/3^3 - 1 = 26/4^3 - 1 = 63/5^3 - 1 =$ 124

67(c):

| | J | O | Y | F | U | L | |
|---|---|---|---|---|---|---|---|
| | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | |
| Alphabet ⇒ -এ স্থান | 10 + | 15 + | 25 + | 6 + | 21 + | 12 | = 89 |

68(b): $\sqrt{4} \times \sqrt{9} = 6/\sqrt{9} \times \sqrt{16} = 12/\sqrt{16} \times \sqrt{25} = 20$.

69(d): Letter দু'টির alphabet স্থানের যোগফল 27 নয়।

70(a): 2, 7, 17, 32, 52, 77, 107

+ 5, +10, +15, +20, +25, +30

71(a): 2 × 2 = 4, 8 × 2 = 16

72(a): (7 + 13) – 10 = 10/(15 + 15) – 10 = 20/(5 + 25) – 10 = 20

73(c): (4 + 6) – 1 = 9/(14 + 16) – 1 = 29/(9 + 6) – 1 = 14

74(a):

| | H | E | N | B | A | T |
|---|---|---|---|---|---|---|
| | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| Alphabet-এ স্থান | 8 | 5 | 14 | 2 | 1 | 20 |
| | –1 | –1 | –1 | –1 | –1 | –1 |
| | 7 | 4 | 13 | 1 | 0 | 19 |

75(b): J O Y F U L A N N U A L

O J F Y L U N A U N L A

76(c): সূত্র: বৃত্তের ব্যাসার্ধ a% হ্রাস পেলে, ক্ষেত্রফল হ্রাস পায় $= \left(2 \times a - \frac{a^2}{100}\right)$%

∴ ক্ষেত্রফল হ্রাস পাবে $= \left(2 \times 10 - \frac{10^2}{100}\right) = 20 - 1 = 19$%.

77(d): ১ম : ২য়   ২য় : ৩য়

2 : 5   3 : 8

∴ ১ম : ২য় : ৩য়

(2 × 3) : (5 × 3) : (5 × 8)

6 : 15 : 40

∴ দ্বিতীয় সংখ্যা $= 183 \times \frac{15}{(6+15+40)} = 3 \times 15 = 45$.

78(b): শ্রমিকের সংখ্যা $= \frac{210 \times 24 \times 30}{600 \times 12} = 21$.

79(c): 8 লিটার দ্রবণে লবণ $= 12\% \times 8 = \frac{12 \times 8}{100} = 0.96$ লিটার

বাকি মিশ্রণ = 8 – 2 = 6 লিটার

∴ লবণের শতকরা হার $= \frac{0.96}{6} \times 100 = 16$ লিটার অর্থাৎ 16%।

80(a):

| ১ম | | ২য় |
|---|---|---|
| 30 টাকা | | 25 টাকা |
| | 27 | |
| (27 – 25) = 2 | | (30 – 27) = 3 |

∴ 2 : 3

81(b): নবম ইনিংসের রান = 23 + 2.5 × 8 = 43.

82(b): শাবানার সময় $= \frac{5 \times 8 \times 9}{5 \times 6} = 12$ মাস।

*এরপর বারোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে ২৯৫৪ আই সি ডি এস সুপারভাইজর নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

(a) নেলসন মেন্ডেলা (b) বেঞ্জামিন ফ্রাঙ্কলিন (c) মহাত্মা গান্ধী (d) আব্রাহাম লিঙ্কন
33.UNESCO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) বার্ন (b) প্যারিস (c) জেনেভা (d) রোম
34. 'দিয়ারা' অঞ্চলটি পশ্চিমবঙ্গের কোন জেলায়?
(a) মর্শিদাবাদ (b) জলপাইগুড়ি (c) বীরভূম (d) মালদা
35. SNCU-এর পুরো কথা হল:
(a) Sick Newborn Care Unit (b) Sick Neonatal Care Unit (c) Special Newborn care Unit (d) None of these
36. নীচের কোন কমিটি স্বাস্থ্য সমীক্ষা ও উন্নয়ন কমিটি নামে খ্যাত?
(a) মুখার্জি কমিটি (b) মুদিলিয়ার কমিটি (c) বাজাজ কমিটি (d) ভোড় কমিটি
37. প্রোটিনের মূল গঠনগত একক হল:
(a) ফরমিক অ্যাসিড (b) অ্যামাইনো অ্যাসিড (c) ইউরিক অ্যাসিড (d) অ্যাসেটিক অ্যাসিড
38. কোন ভিটামিন মূত্রের সঙ্গে নির্গত হয়?
(a) ভিটামিন-এ (b) ভিটামিন-সি (c) ভিটামিন-ই (d) ভিটামিন-ডি
39. ভারত সরকারের 'First Law Officer' কাকে বলা হয়?
(a) কেন্দ্রীয় অর্থমন্ত্রী (b) কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (c) অ্যাটর্নি জেনারেল (d) সলিসিটর জেনারেল
40. তথ্য জানার অধিকার (Right to Information) হল:
(a) ব্যক্তিগত অধিকার (b) মৌলিক কর্তব্য (c) আইনত অধিকার (d) মৌলিক অধিকার
41. নীচের কোন যন্ত্রের সঙ্গে গ্যালিলিও-র নাম যুক্ত আছে?
(a) অ্যাভাপোমিটার (b) থার্মোমিটার (c) ব্যারোমিটার (d) ল্যাক্টোমিটার
42. IEDC-এর পুরো কথা হল:
(a) Integrated Education for Disabled Children (b) International Education for Disabled Children (c) Immunization Education Development of Children (d) Internal Emergency for Diseased Children
43. কোন নির্বাচনে মোট আসনের এক-তৃতীয়াংশ মহিলাদের জন্য সংরক্ষিত?
(a) লোকসভা (b) বিধানসভা (c) রাজ্যসভা (d) পঞ্চায়েত
44. 'ফেরারি কুইন' নামটি কীসের সঙ্গে যুক্ত?
(a) প্রতিরক্ষা (b) স্বাস্থ্য (c) রেল (d) খেলা
45. মিনারেল ওয়াটার ও বেবি ফুডে ভারতীয় মানক সংস্থার কোন ছাপটি থাকে?
(a) এফ এ ও (b) আই এস আই (c) আগমার্ক (d) হলমার্ক
46. CARA-এর পুরো কথাটি হল:
(a) Central Adoption Resource Authority (b) Child Adoption Resource Authority (c) Child Adoption Recovery Authority (d) Central Adoption Resource Affairs
47. ভারতের সংবিধানের কত নম্বর ধারায় 'ধর্মীয় স্বাধীনতার অধিকার' লিপিবদ্ধ:
(a) 25-28 নম্বর (b) 19-24 নম্বর (c) 14-18 নম্বর (d) 29-34 নম্বর
48. রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান:
(a) 13 নভেম্বর 1913 (b) 23 নভেম্বর 1913 (c) 3 নভেম্বর 1913 (d) 31 নভেম্বর 1913
49. পশ্চিমবঙ্গের প্রথম রাজ্যপাল ছিলেন:
(a) ঈশ্বরদাস জালান (b) সুরেশচন্দ্র ব্যানার্জি (c) চক্রবর্তী রাজাগোপালাচারী (d) মোহিনী মোহন বর্মণ
50. 'সেই সময়' বইটির লেখক হলেন:
(a) সুনীল গঙ্গোপাধ্যায় (b) সমরেশ বসু (c) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (d) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
51. নীচের কোন শব্দজোড়াটি অন্যগুলির সঙ্গে এক নয়?
(a) উষা-গোধূলি (b) দিন-রাত (c) সূর্য-চন্দ্র (d) উদয়-অস্ত
52. '?' স্থানে কোন সংখ্যাটি বসবে?

| | | |
|---|---|---|
| 9 | 8 | 7 |
| 18 | 16 | 14 |
| 36 | 32 | ? |

(a) 22 (b) 24 (c) 21 (d) 28
53. নীচের সংখ্যাসারিটি সম্পূর্ণ করুন:
112, 130, 149, 169 ?
(a) 200 (b) 210 (c) 180 (d) 190
54. নীচের অক্ষরসারিতে কতগুলি স্বরবর্ণ (Vowel) দু'টি ব্যঞ্জনবর্ণের (Consonants) মাঝে আছে?
p i q a m a i n u p w o a p e m u o k a p s a i d
(a) 6 (b) 5 (c) 4 (d) 7
55. DICTIONARY শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?
(a) DIRECTION (b) NATION (c) ADDITION (d) DAIRY
56. নীচের চারটি সেটের মধ্যে কোন সেটটি প্রদত্ত সেটের অনুরূপ হবে?
(16, 24, 40)
(a) 12, 22, 42 (b) 12, 22, 34 (c) 12, 10, 20 (d) 12, 20, 30
57. '?' চিহ্নে সঠিক বিকল্পটি নির্বাচন করুন:
EDUCATION : NOITACUDE : CONDITION : ?
(a) NOITINODC (b) NOTINDOC (c) NOITIDNOC (d) NOITINDOC
58. ENURAGBUL শব্দটির অক্ষরগুলি সাজালে ভারতের একটি শহরের নাম পাওয়া যায়। তৃতীয় ও পঞ্চম অক্ষর দু'টি কী কী হবে?
(a) NA (b) UL (c) EG (d) BU
59. নীচের কোন ভেনচিত্রটি ঘড়ি, বাঁশি ও বাদ্যযন্ত্র-এর মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)
60. অমিল বিকল্পটি খুঁজে বের করুন:
(a) HD (b) KG (c) NJ (d) TX
61. যদি + = ×, − = ÷, × = +, ÷ = − হয় তবে 2 + 8 ÷ 4 − 1 × 3 কত হবে?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
62. ছবিগুলির মধ্যে একটি নির্বাচন করুন যেটি অন্যগুলির থেকে আলাদা?



(a) (b) (c) (d)
63. ঐশিকী স্কুল থেকে পূর্বদিকে 7 কিমি যাওয়ার পর বাঁদিকে 15 কিমি যায়। আবার বাঁদিকে 7 কিমি যায়। ঐশিকী স্কুল থেকে কতদূরে আছে?
(a) 49 কিমি (b) 32 কিমি (c) 15 কিমি (d) 17 কিমি
64. যদি জুন মাসের দ্বিতীয় দিন রবিবার হয় তাহলে জুলাই মাসের প্রথম দিন কী বার হবে?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) বৃহস্পতিবার
65. যদি একটি নির্দিষ্ট কোডে RONALDO = PQRSTUV এবং MESI = FGHK লেখা হয়, তবে MARADONA কী লেখা হবে?
(a) FSPSURSV (b) FSPSVURS (c) FSPSUVRS (d) FSPSUVSRE
66. ঢাকার সঙ্গে বাংলাদেশের যে সম্পর্ক, পাকিস্তানের সঙ্গে নীচের কোনটির সম্পর্ক একই হবে?
(a) ইসলামাবাদ (b) করাচি (c) রাউলপিন্ডি (d) লাহোর
67. একটি হকিবল ক্রিকেট বলের চেয়ে হালকা। আবার একটি ভলিবল একটি ফুটবলের চেয়ে হালকা। হকিবল ভলিবলের চেয়ে হালকা। এই চার ধরনের বলের মধ্যে কোনটি সবচেয়ে হালকা?
(a) ক্রিকেট বল (b) ভলিবল (c) হকিবল (d) ফুটবল
68. যদি WINTER = 725341 হয় তবে RENT = কত?
(a) 1345 (b) 1435 (c) 1533 (d) 1453
69. কোনটি আলাদা?
(a) বাংলা (b) হিন্দি (c) ওড়িয়া (d) ইংলিশ
70. সঠিক বিকল্পটি বসান:
Clock : Time : : Thermometer : ?
(a) Heat (b) Radiation (c) Energy (d) Temperature
71. Dictionary অনুযায়ী কোন শব্দটি প্রথমে আসবে?
(a) Improve (b) Impact (c) Impossible (d) Important
72. একটি ঘড়িতে 12:30 মিনিটের সময় ঘণ্টার কাঁটা উত্তরদিকে মুখ ও মিনিটের কাঁটা দক্ষিণ দিকে মুখ হলে, 1 : 45 মিনিটের সময় ঘণ্টার কাঁটা কোনদিকে থাকবে?
(a) দক্ষিণ-পূর্ব (b) দক্ষিণ-পশ্চিম (c) উত্তর-পূর্ব (d) উত্তর-পশ্চিম
73. A হল B-এর ভাই। B হল C-এর মেয়ে। D হল A-এর বাবা। D তাহলে C-এর কে হবে?
(a) স্বামী (b) ভাই (c) মামা (d) কাকা
74. একদিন সকালে অমৃতা এবং পরমা মুখোমুখি কথা বলার সময় অমৃতার ছায়া যদি পরমার বাঁদিকে পড়ে, তাহলে পরমা কোনদিকে মুখ করে আছে?
(a) পূর্ব (b) পশ্চিম (c) দক্ষিণ (d) উত্তর
75. নীচের কোন সংখ্যাটি অন্যগুলির থেকে আলাদা নির্বাচন করুন।
4131, 1377, 461, 153, 51
(a) 461 (b) 153 (c) 1377 (d) 51
76. তিনটি সংখ্যার অনুপাত 3 : 4 : 5 এবং তাদের ল.সা.গু. 2400 হলে তাদের গ.সা.গু. হবে:
(a) 40 (b) 80 (c) 20 (d) 60
77. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 43, 91এবং 183-কে ভাগ করলে প্রতিক্ষেত্রে সমান ভাগশেষ থাকবে?
(a) 4 (b) 7 (c) 9 (d) 13
78. 12, 15 এবং 18 দ্বারা বিভাজ্য পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে:
(a) 10010 (b) 10015 (c) 10020 (d) 10080
79. $\frac{0.2\times0.2+0.2\times0.02}{0.044}$ -এর সরলতম মান হল:
(a) 0.004 (b) 0.4 (c) 1 (d) 2
80. a = 38, b = 34, c = 28 হলে $\frac{a^3+b^3+c^3-3abc}{a^2+b^2+c^2-ab-bc-ca}$ -এর মান হবে:
(a) 90 (b) 100 (c) 110 (d) 120
81. একটি শ্রেণির 39 জন ছাত্রীর গড় বয়স 15 বছর। শিক্ষিকার বয়স অন্তর্ভুক্ত করলে গড় বয়স 3 মাস বৃদ্ধি পায়। শিক্ষিকার বয়স (বছরে):
(a) 24 (b) 25 (c) 26 (d) 27
82. একজন ছাত্রীর চারটি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড় 75। যদি সে পঞ্চম বিষয়ে 80 নম্বর পায় তবে পাঁচটি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড় হবে:
(a) 74 (b) 75 (c) 76 (d) 76.5
83. A ও B-র বয়সের গড় 6 : 5 এবং তাদের বয়সের সমষ্টি 44 বছর। 8 বছর পরে তাদের বয়সের গড় হবে:
(a) 7 : 6 (b) 8 : 7 (c) 9 : 8 (d) 3 : 4
84. পৃথিবীর 2250 ভাগের 5 ভাগ গন্ধক হলে পৃথিবীতে গন্ধকের শতকরা মাত্রা:
(a) $\frac{11}{50}$ (b) $\frac{2}{9}$ (c) $\frac{1}{45}$ (d) $\frac{2}{45}$
85. দুধ ও জলের মিশ্রণে জলের ওজনের অনুপাত 75% যদি ওই মিশ্রণের 60 গ্রামের সঙ্গে 15 গ্রাম জল মেশানো হয় তবে নূতন মিশ্রণে জলের ওজনের শতকরা হার হবে:
(a) 86% (b) 84% (c) 82% (d) 80%

*এরপর তেরোর পাতায়*

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

83(c): চাকার পরিধি যা হয়, চাকা এক পাকে ততটা দূরত্ব যায়
∴ আবর্তনের সংখ্যা $= \frac{6600}{2\times\frac{22}{7}\times\frac{7}{2\times2}} = \frac{6600\times7\times2\times2}{2\times22\times7} = 600$ বার।
84(b): 3 বছর পর তার মূল্য হবে $= 8000 \times \frac{(100-10)}{100}\times\frac{(100-10)}{100}\times\frac{(100-10)}{100} = 8000\times\frac{90}{100}\times\frac{90}{100}\times\frac{90}{100} = 5832$ টাকা।
85(c): কৃতকার্যের হার = 100 − (24 + 43 − 13) = 46%
∴ মোট পরীক্ষার্থীর সংখ্যা $= \frac{100}{46}\times115 = 250$।
86(a): শতকরা হার $= \frac{100\times(100+14)}{(100-5)} = \frac{100\times114}{95} = 120$
∴ (120 − 100) =20% বেশি চিহ্নিত করতে হবে।
87(b): 5, 4, 9-এর ল.সা.গু. = 180
প্রথম 180টির দাম $= \frac{100\times180}{5} = 3600$
দ্বিতীয় 180টির দাম $= \frac{100\times180}{4} = 4500$
মোট = 8100
মোট বিক্রয়মূল্য $= \frac{200\times(180+180)}{9} = 8000/-$
∴ মোট ক্ষতি = 8100 − 8000 = 100 টাকা
∴ মোট লেবুর সংখ্যা $= \frac{360}{100}\times300 = 1080$.
88(a): বিক্রি = 200, লাভ = 25%
গড় ক্রয়মূল্য $= 200\times\frac{100}{(100+25)} = 160$ টাকা

রাসায়নিক 250/- জল 0/-
160
160 (250 − 160) = 90

16 : 9
89(d): নতুন সদস্যের ওজন = (56 + 8 × 1.5) = 68.
90(c):

| | A | | B | |
|---|---|---|---|---|
| | 4 | : | 3 | |
| | ↓+2 | | ↓+2 | |
| 1 বর্তমান = | □ | : | □ | 1 |
| | −2 | | −2 | |
| | 3 | : | 2 | |

∴ 1 অনুপাত = (2 + 2) = 4 বছর
∴ A-এর বর্তমান বয়স = 4 × 4 − 2 = 14 বছর
B-এর বর্তমান বয়স = 3 × 4 − 2 = 10 বছর
∴ A ও B-এর মোট বয়স = (14 + 10) = 24 বছর।
91(c): ধরি, আসল = 500 [∵হর = 5]
∴ সুদ $= 500\times\frac{3}{5} = 300$ টাকা
∴ সুদ $= 500\times\frac{5}{100} = 25$ টাকা ∴ সময় $= \frac{300}{25} = 12$ বছর।
92(b): খরচ অপরিবর্তিত রাখতে আলুর ব্যবসা শতকরা কমাতে হবে $= \frac{25}{(100+25)}\times100 = 20\%$.
93(a): 6, 16 এবং 20-এর ল.সা.গু. = 480.
94(d): (104 − 82) = 22, (148 − 104) = 44, (148 − 82) = 66
∴ 22, 44 এবং 66-এর গ.সা.গু. = 22
∴ নির্ণেয় সংখ্যা = 22.
95(b): শতকরা হ্রাস $= \left(\frac{25^2}{100}\right)\% = \left(\frac{625}{100}\right)\% = 6\frac{1}{4}\%$.
96(c): ক্রয়মূল্যের ওপর শতকরা লাভ $= \frac{20}{(100-20)}\times100 = \frac{20}{80}\times100 = 25\%$.
97(b): ধার্যমূল্য $= 9\times\frac{(100+20)}{20}\times\frac{100}{(100-25)} = 9\times\frac{120}{20}\times\frac{100}{75} = 72$ টাকা।
98(a): 16 বছর পর পিতা পুত্রের মোট বয়স = (55 + 16 × 2) = 87 বছর
∴ 16 বছর পর পিতার বয়স $= 87\times\frac{2}{(2+1)} = 58$ বছর
∴ পিতার বর্তমান বয়স = (58 − 16) = 42 বছর।
99(c): মোট বিনিয়োগ $= 600\times\frac{100}{(3\times2)} = 10000$ টাকা।
100(a): অনুকূলের গতিবেগ $= \frac{12}{8} = 1.5$ কিমি/ঘণ্টা
প্রতিকূলে গতিবেগ $= \frac{12}{8\times3} = 0.5$ কিমি/ঘণ্টা
∴ স্রোতের বেগ $= \frac{\text{অনুকূল} - \text{প্রতিকূল}}{2} = \frac{1.5-0.5}{2} = 0.5$ কিমি/ঘণ্টা।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### পি এস সি-র মাধ্যমে ২৯৫৪

# আই সি ডি এস সুপারভাইজর

## নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

86. বিশুদ্ধ দুধের একটি পাত্র থেকে 20% সরিয়ে সম পরিমাণ জল মেশানো হল। এই প্রক্রিয়া পরপর তিনবার করার পর পাত্রের জলীয় মিশ্রণে বিশুদ্ধ দুধের শতকরা মাত্রা হবে:
(a) 40% (b) 50% (c) 51.2% (c) 58.8%

87. একটি সাইকেলের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 10 : 11 হলে লাভের শতকরা মাত্রা:
(a) 8 (b) 10 (c) 11 (d) 15

88. একজন ফল ব্যবসায়ী ডজন-প্রতি ₹ 16 দরে 2 ডজন কলা কিনে প্রতি ডজন ₹ 12 দরে 18টি কলা বিক্রি করে বাকি কলাগুলিকে ডজন-প্রতি ₹ 4 দরে বিক্রয় করলেন। এই ক্রয় বিক্রয়ে তাঁর ক্ষতির শতকরা হার:
(a) 25.2% b) 32.4% (c) 36.5% (d) 37.5%

89. একজন দোকানদার $12\frac{1}{2}$% ক্ষতিতে আলু বিক্রয় করতে বাধ্য হলেন। যদি তিনি ₹ 92.50 অধিক দামে বিক্রয় করতেন তবে 6% লাভ হত। আলুর ক্রয়মূল্য:
(a) ₹ 500 (b) ₹ 510 (c) ₹ 575 (d) ₹ 600

90. যদি A-এর 30% = B-এর 0.25 = C-এর $\frac{1}{5}$ হয় তবে A : B : C-এর মান:
(a) 12 : 10 : 15 (b) 15 : 12 : 10 (c) 10 : 12 : 15 (d) 15 : 10 : 12

91. একজন বিক্রেতা দু'রকম চা প্রতি কিলোগ্রাম ₹ 75 ও ₹ 50 দরে কিনে 3 : 2 অনুপাতে মিশিয়ে প্রতি কিলোগ্রাম ₹ 62.40 দরে বিক্রয় করলেন। এই ক্রয় বিক্রয়ে তাঁর লাভ/ক্ষতির শতকরা হার:
(a) লাভ 4% (b) ক্ষতি 4% (c) লাভ 5% (d) ক্ষতি 5%

92. দু'টি পাত্র A ও B-তে দুধ ও জলের অনুপাত যথাক্রমে 4 : 5 এবং 5 : 1; দু'টি পাত্রের মিশ্রণকে কী অনুপাতে মিশালে নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত 5 : 4 হবে:
(a) 5 : 4 (b) 5 : 3 (c) 5 : 2 (d) 4 : 3

93. যদি a : b = 7 : 9 এবং b : c = 5 : 4 হয় তবে a : b : c =
(a) 7 : 45 : 36 (b) 28 : 36 : 35 (c) 35 : 45 : 36 (d) এদের কোনওটিই নয়

94. একটি বাক্সে 10 টাকা, 5 টাকা এবং 2 টাকা মুদ্রার সংখ্যার অনুপাত 5 : 8 : 3; যার মোট মূল্য ₹ 2830; বাক্সে ₹ 5 মুদ্রার সংখ্যা:
(a) 163 (b) 175 (c) 200 (d) 240

95. একটি যৌথ ব্যবসায় A, B এবং C প্রত্যেকে ₹ 20000 বিনিয়োগ করে ব্যবসা আরম্ভ করল। 5 মাস পরে A ₹ 5000 ও B ₹ 4000 তুলে নিল এবং C আরও ₹ 6000 বিনিয়োগ করল। বছরান্তে মোট লাভ ₹ 69900 হলে A-র লভাংশ:
(a) ₹ 20500 (b) ₹ 21200 (c) ₹ 28200 (d) ₹ 26500

96. প্রত্যহ 8 ঘণ্টা কাজ করে 12 জন শ্রমিক একটি কাজ 30 দিনে করে। প্রত্যহ 4 ঘণ্টা কাজ করে 18 জন শ্রমিকের কাজটি শেষ করতে প্রয়োজনীয় দিনের সংখ্যা:
(a) 30 (b) 40 (c) 45 (d) 50

97. একটি চৌবাচ্চা দু'টি নলদ্বারা যথাক্রমে 20 ও 30 মিনিটে জলপূর্ণ হয়। দু'টি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চার জলপূর্ণ হওয়ার জন্য প্রয়োজনীয় মিনিটের সংখ্যা:
(a) 12 (b) 15 (c) 18 (d) 20

98. বাসের গড় বেগ ট্রেনের গড় বেগের এক-তৃতীয়াংশ। ট্রেন 1125 কিমি রাস্তা 15 ঘণ্টায় অতিক্রম করলে 36 মিনিটে বাসের অতিক্রান্ত দূরত্ব (কিমি এককে):
(a) 12 (b) 18 (c) 21 (d) 15

99. এক ব্যক্তি তাঁর মোট অতিক্রান্ত দূরত্বের $\frac{3}{5}$ অংশ ট্রেনে, $\frac{7}{20}$ অংশ বাসে এবং বাকি 6.5 কিমি দূরত্ব রিকশায় গেলেন। তাঁর মোট অতিক্রান্ত দূরত্ব (কিমি এককে):
(a) 65 (b) 100 (c) 120 (d) 130

100. একজন নাবিক স্রোতের অনুকূলে 5 মিনিটে 1 কিমি এবং স্রোতের প্রতিকূলে 1 ঘণ্টায় 6 কিমি যেতে পারেন। স্রোতের গতিবেগ (কিমি/ঘণ্টা এককে):
(a) 3 (b) 4 (c) 5 (d) 6

### উত্তর

1(d), 2(c), 3(c), 4(a), 5(a), 6(d), 7(b), 8(c), 9(a), 10(b), 11(c), 12(d), 13(a), 14(c), 15(d), 16(a), 17(c), 18(b), 19(a), 20(c), 21(a), 22(d), 23(d), 24(b), 25(d), 26(a), 27(b), 28(d), 29(a), 30(d), 31(d), 32(d), 33(b), 34(d), 35(a), 36(d), 37(b), 38(b), 39(c), 40(c), 41(b), 42(a), 43(d), 44(c), 45(b), 46(a), 47(a), 48(a), 49(c), 50(a), 51(c), 52(d), 53(d), 54(b), 55(a), 56(b), 57(c), 58(a), 59(a), 60(d), 61(a), 62(d), 63(c), 64(a), 65(c), 66(a), 67(c), 68(d), 69(d), 70(d), 71(b), 72(c), 73(a, 74(d), 75(a), 76(a), 77(a), 78(d), 79(c), 80(b), 81(b), 82(c), 83(b), 84(b), 85(d), 86(c), 87(b), 88(d), 89(a), 90(c), 91(b), 92(c), 93(c), 94(d), 95(a), 96(b), 97(a), 98(d), 99(d), 100(a).

### সমাধান

51(c): সূর্য-চন্দ্র ছাড়া বাকিগুলি বিপরীত শব্দ।

52(d): প্রতিটি Vertical Column-এর প্রথম সংখ্যার দ্বিগুণ দ্বিতীয় সংখ্যা, দ্বিতীয় সংখ্যার দ্বিগুণ তৃতীয়।
যেমন 9 × 2 = 18, 18 × 2 = 36, 8 × 2 = 16, 16 × 2 = 32
Similarly, 7 × 2 = 14, 14 × 2 = 28.

53(d): 112 → 130 → 149 → 169 → 190
+18 +19 +20 +21

54(b): p _i_ q _a_ m a i n _u_ p w o a p _e_ m u o k _a_ p s a i d.

55(a): DIRECTION — E অক্ষরটি নেই।

56(b): (16 + 24 = 40), Similarly, 12 + 22 = 34

57. (c) NOITIDNOC রিভার্স অর্ডারে এসেছে।

58(a): BE _N_ G _A_ LURU.

59(a):  ঘড়ি একটি আলাদা যন্ত্র। বাঁশি হল বাদ্যযন্ত্রের অন্তর্গত।

60(d): H $\xrightarrow{-4}$ D, K $\xrightarrow{-4}$ G, N $\xrightarrow{-4}$ J
কিন্তু, T $\xrightarrow{+4}$ X

61(a): 2 × 8 – 4 ÷ 1 + 3 = 16 – 4 ÷ 7 = 12 ÷ 4 = 3.

62(c):  এর ছবিটি ছাড়া বাকি তিনটি সরলরেখা দিয়ে তৈরি হয়েছে ও মাঝে বিন্দু আছে।

63(c):



64(a): জুন মাসের দ্বিতীয় দিন বা 2 তারিখ রবিবার হলে 2, 9, 16, 23, 30 তারিখ রবিবার। অতএব, জুলাই মাসের প্রথম দিন সোমবার।

65(c):

| R | O | N | A | L | D | O | M | E | S | I |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| P | Q | R | S | T | U | V | F | G | H | K |

66(a): ঢাকার সঙ্গে বাংলাদেশের রাজধানী ঢাকা, ঠিক তেমনই পাকিস্তানের রাজধানী ইসলামাবাদ।

67(c): (1) ক্রিকেট বল > হকিবল (2) ফুটবল > ভলিবল (3) ভলিবল > হকিবল অতএব, (1), (2), (3) থেকে বোঝা যায় ফুটবল > ভলিবল > ক্রিকেট বল > হকিবল।

68(d): ওপরে বর্ণগুলির সংখ্যা লেখা হয়েছে সেগুলি লক্ষ্য রাখুন।
অতএব, R = I, E = 3, N = 5, T = 3 ইত্যাদি।

69(d): ইংলিশ বিদেশি ভাষা। অন্যগুলি ভারতীয় ভাষা।

70(d): Clock shows Time
Similarly, Thermometer shows temperature.

72(c):



73(a):



74(d):



75(a): প্রতিটি সংখ্যা 3 দিয়ে ভাগ করা যায়। কিন্তু 461 সংখ্যাটি ভাগ করা যায় না।

76(a): সংখ্যাগুলি 3x, 4x, 5x হলে, তাদের ল.সা.গু. = (3 × 4 × 5)x = 60x = 2400 ⇒ x = 40, 3x, 4x, 5x -এর গ.সা.গু. = x = 40.

77(a): নির্ণেয় সংখ্যা = (91 – 43), (183 – 91), (183 – 43) -এর গ.সা.গু. =48, 92, 140-এর গ.সা.গু.
48 = 4 × 4 ×3, 92 = 4 × 23; 140 = 4 × 35 গ.সা.গু. = 4.

78(d): 12, 15 এবং 18 এর ল.সা.গু. = 180
পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = 10000
10000-কে 180 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 100
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 10000 + (180 – 100) = 10080.

79(c): লব = 0.2 × 0.2 + 0.2 × 0.02 = 0.2(0.2 + 0.02)
= 0.2 × 0.22 = 0.044, ভগ্নাংশের মান = $\frac{লব}{হর} = \frac{0.044}{0.044}$ = 1.

80(b): $a^3 + b^3 + c^3 - 3abc = (a + b + c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca)$
প্রদত্ত ভগ্নাংশ = a + b + c = 38 + 34 + 28 = 100.

81(b): 3 মাস = $\frac{1}{4}$ বছর
শিক্ষিকার বয়স = শিক্ষিকা সহ 39 ছাত্রীর মোট বয়স – কেবল 39 ছাত্রীর মোট বয়স
$= 40 \times 15\frac{1}{4} - 39 \times 15 = 40 \times \frac{61}{4} - 585 = 610 - 585 = 25$ বছর।

82(c): নতুন গড় = (চারটি বিষয়ের মোট নম্বর + পঞ্চম বিষয়ের নম্বর)/5
$= \frac{(4 \times 75 + 80)}{5} = \frac{380}{5} = 76.$

83(b): A-র বয়স = $\frac{6}{6+5} \times 44$ = 24 বছর , B-র বয়স = 44 – 24 = 20 বছর
আট বছর পরে তাদের বয়সের অনুপাত = $\frac{24+8}{20+8} = \frac{32}{28} = 8 : 7.$

84(b): শতকরা মাত্রা = $\frac{5}{2250} \times 100 = \frac{5}{225} \times 10 = \frac{10}{45} = \frac{2}{9}$.

85(d): 60 গ্রাম মিশ্রণে জলের ওজন = $60 \times \frac{75}{100} = 60 \times \frac{3}{4}$ = 45 গ্রাম
75 গ্রাম নতুন মিশ্রণে জলের ওজন = 45 + 15 = 60 গ্রাম
নতুন মিশ্রণে জলের ওজনের শতকরা হার = $\left(\frac{60}{75} \times 100\right)\% = \left(60 \times \frac{4}{3}\right)\%$
= 80%.

86(c): প্রথমে পাত্রে বিশুদ্ধ দুধ 1000 gm প্রথমবার জল মেশালে দুধের পরিমাণ
= 80% of 1000 gm = 800gm
দ্বিতীয় বারের পরে → 80% of 800 gm = 640 gm
তৃতীয় বারের পরে 80% of 640 g = 512g
তখন মিশ্রণে বিশুদ্ধ দুধের শতকরা মাত্রা = $\frac{512}{1000} \times 100$ = 51.2%.

87(b): লাভ = 11 – 10 = 1 একক
লাভের শতকরা মাত্রা = $\frac{লাভ}{ক্রয়মূল্য} \times 100 = \frac{1}{10} \times 100$ = 10%.

88(d): ক্রয়মূল্য = ₹ (16 × 2) = ₹ 32
বিক্রয়মূল্য = ₹ (12 × 1.5 + 4 × 0.5) = ₹ (18 + 2) = ₹ 20
ক্ষতির শতকরা হার = $\left(\frac{ক্রয়মূল্য - বিক্রয়মূল্য}{ক্রয়মূল্য} \times 100\right)\%$
$= \left(\frac{32-20}{32} \times 100\right)\% = \left(\frac{12}{32} \times 100\right)\% = \frac{75}{2}\% = 37.5\%$

89(a): ক্রয়মূল্য = ₹ 100, বিক্রয়মূল্য (ক্ষতিতে) = ₹ $\left(100 - \frac{25}{2}\right)$ = ₹ $\frac{175}{2}$
লাভে বিক্রয়মূল্য = ₹ 106, পার্থক্য = ₹ $\left(106 - \frac{175}{2}\right)$ = ₹ $\frac{37}{2}$
পার্থক্য ₹ $\frac{37}{2}$ হলে ক্রয়মূল্য = 100; 1 → $\left(100 \times \frac{2}{37}\right)$
₹ 92.50 = ₹ $92\frac{1}{2}$ = ₹ $\frac{185}{2}$ g ₹ $\left(100 \times \frac{2}{37} \times \frac{185}{2}\right)$ = ₹ 500.

90(c): $\frac{30}{100}A = \frac{1}{4}B = \frac{1}{5}C \Rightarrow \frac{A}{10/3} = \frac{B}{4} = \frac{C}{5}$
A : B : C = $\frac{10}{3}$ : 4 : 5 = 10 : 12 : 15.

91(b): 5 কিলোগ্রাম চায়ের ক্রয়মূল্য = ₹ (3 × 75 + 2 × 50) = ₹ 325
বিক্রয়মূল্য = ₹ (5 × 62.40) = ₹ 312
ক্রয়মূল্যের তুলনায় বিক্রয়মূল্য কম হওয়ায় ক্ষতি হবে
ক্ষতির শতকরা হার = $\left(\frac{ক্রয়মূল্য - বিক্রয়মূল্য}{ক্রয়মূল্য}\right) \times 100\%$
$= \left(\frac{325-312}{312} \times 100\right)\% = \left(\frac{13}{325} \times 100\right)\% = \left(\frac{1}{25} \times 100\right)\% = 4\%.$

92(c): দুধ A পাত্রে $\frac{4}{9}$, B পাত্রে $\frac{5}{6}$ মিশ্রণে $\frac{5}{9}$
বিমিশ্র প্রক্রিয়া:


অনুপাত = $\frac{5}{18} : \frac{1}{9}$ = 5 : 2.

93(c): a : b = 7 : 9
b : c = 5 : 4
a : b = 35 : 45
b : c = 45 : 36 a : b : C = 35 : 45 : 36.

94(d): মুদ্রাগুলির মানের অনুপাত = (5 × 10) : (8 × 5) : (3 × 2)
= 50 : 40 : 6
বাক্সে মুদ্রার মান = $\frac{40}{50+40+6} \times 2880$ টাকা = ₹ $\left(\frac{40}{96} \times 2880\right)$
= ₹ (40 × 30), ₹ 5 মুদ্রার সংখ্যা = $\frac{40 \times 30}{5}$ = 240.

95(a): A, B ও C -এর মূলধনের অনুপাত = (20000 × 5 + 15000 × 7) ; (20000 × 5 + 16000 × 7) : (20000 × 5 + 26000 × 7)
= (20 × 5 + 15 × 7)
∵ (20 × 5 + 16 × 7) : (20 × 5 + 26 × 7) = 205 : 212 : 282
A-র লভ্যাংশ = $\frac{205}{205+212+282} \times 69900$ টাকা = ₹ $\left(\frac{205}{699} \times 69900\right)$
= ₹ 20500.

96(b):

| ঘণ্টা | শ্রমিক | দিন |
|---|---|---|
| 8 | 12 | 30 |
| 1 | 12 | 30 × 8 (বাড়বে) |
| 4 | 12 | $\frac{30 \times 8}{4}$ = 60 |
| 4 | 1 | 60 × 12 |
| 4 | 18 | $\frac{60 \times 12}{18}$ = 40. |

97(a): 1 মিনিটে চৌবাচ্চার পূর্ণ অংশ = $\frac{20+30}{20 \times 30} = \frac{50}{600} = \frac{1}{12}$ সময় = 12 মিনিট।

98(d): ট্রেনের বেগ = $\frac{1125}{15}$ = 75 কিমি/ঘণ্টা
বাসের বেগ = $\frac{1}{3} \times 75$ = 25 কিমি/ঘণ্টা, বাসের দূরত্ব = $25 \times \frac{36}{60}$ = 15 কিমি।

99(d): দূরত্বের রিকশায় অংশ = $1 - \left(\frac{3}{5} + \frac{7}{2}\right)$
$= 1 - \frac{19}{20} = \frac{1}{20}$ → 6.5 কিমি, 1 → 6.5 × 20 = 130 কিমি।

100(a): অনুকূলে বেগ = $\frac{1}{1/12}$ = 12 কিমি/ঘণ্টা [5 মিনিট = $\frac{1}{12}$ ঘণ্টা]
প্রতিকূলে বেগ = 6 কিমি/ঘণ্টা, স্রোতের বেগ = $\frac{1}{2}$ (অনুকূলে বেগ – প্রতিকূলে বেগ)
অনুকূলে স্রোতের বেগ ($\frac{1}{2}$ × অনুকূলে বেগ – প্রতিকূলের বেগ) = $\frac{1}{2}$ (12 – 6)
= 3 কিলোমিটার।

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও ডঃ শক্তিপদ নন্দ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চন্দননগর পুলিশ কমিশনারেটে ড্রাইভার

ড্রাইভার পদে ৪০ জনকে নেবে চন্দননগর পুলিশ কমিশনারেট। নিয়োগ হবে চুক্তিতে। প্রার্থীকে এরাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। এর পাশাপাশি ১-৮-২০১৯ তারিখ অনুসারে অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কোনও স্বীকৃত সংস্থায় ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্ট হবে।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ একটি সাদা কাগজে আবেদন করবেন। The Commissioner of Police, Chandannagar Police Commissionerate, Chinsurah Police Lines, Chinsurah, Hooghly-কে উদ্দিষ্ট করে দরখাস্ত করবেন। দরখাস্তে প্রার্থীর মোবাইল নম্বর লিখে দেবেন।

**দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর ১ কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২০ অগস্টের মধ্যে উপরোক্ত ঠিকানায় মোটর ট্রান্সপোর্ট সেকশনে রাখা ড্রপবক্সে সরাসরি গিয়ে জমা দিতে হবে। তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

# রাজ্যের কারেকশনাল সার্ভিসেসে চাকরি

সফটওয়্যার সাপোর্ট পার্সোনেল পদে ৫ জনকে নেবে রাজ্যের ডিরেক্টোরেট অব কারেকশনাল সার্ভিসেস। নিয়োগ হবে চুক্তিতে।

বিস্তারিত তথ্যের জন্য আগ্রহীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbcorrectionalservices.gov.in

# এয়ার ইন্ডিয়ায় ৩৫৫

প্রথম পাতার পর

১৪, তফসিলি উপজাতি ৯, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **ওয়েস্টার্ন রিজিয়ন: স্কিল্ড ট্রেডসম্যান:** শূন্যপদ ৮০টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২০, আর্থিকভাবে অনগ্রসর ৮)। **এয়ারক্রাফট টেকনিশিয়ান:** শূন্যপদ ১০৫টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৮, আর্থিকভাবে অনগ্রসর ১০)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্কিল্ড ট্রেডসম্যান পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই-সহ ২ বছরের অভিজ্ঞতা অথবা অ্যাভিয়েশনে ১ বছরের অভিজ্ঞতা। ট্রেডগুলি হল: ফিটার অ্যান্ড শিট মেটাল, পেইন্টার, টেলর/আপহোলস্টারি, এক্স-রে/এন ডি টি, ওয়েল্ডার, মেশিনিস্ট, ইলেক্ট্রোপ্লেটিং, প্ল্যান্ট ইলেক্ট্রিক্যাল, প্ল্যান্ট মেকানিক্যাল, ফাইবারগ্লাস (কার্পেন্টার), ড্রাফটসম্যান (মেকানিক্যাল)।

এয়ারক্রাফট টেকনিশিয়ান পদের ক্ষেত্রে এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অথবা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা টেলি-কমিউনিকেশন বা রেডিও বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায় সার্টিফিকেট বা ডিপ্লোমা। সেই সঙ্গে এয়ারক্রাফট মেইন্টেন্যান্সে এক বছরের অভিজ্ঞতা।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ ২৬ অগস্ট থেকে ২৭ সেপ্টেম্বর। পরীক্ষাকেন্দ্র কলকাতা, নয়াদিল্লি, হায়দরাবাদ ও মুম্বই।

বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.airindia.in

# বর্ডার রোডস অর্গানাইজেশনে ৩৩৪

প্রথম পাতার পর

১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। মাল্টি স্কিলড ওয়ার্কার (এম/ডব্লু টি আর): ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bro.gov.in

# স্টেট ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার

প্রথম পাতার পর

অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগ হবে কমার্শিয়াল ক্লায়েন্টস গ্রুপে।

**ক্রেডিট অ্যানালিস্ট (এম এম জি এস-থ্রি):** ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: সি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক সংস্থায় সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগ হবে কমার্শিয়াল ক্লায়েন্টস গ্রুপে।

**এস এম ই ক্রেডিট অ্যানালিস্ট (এম এম জি এস-থ্রি):** ১০টি। **এস এম ই ক্রেডিট অ্যানালিস্ট-স্ট্রাকচারিং (এম এম জি এস-থ্রি):** ৪টি। **এস এম ই ক্রেডিট অ্যানালিস্ট-সেক্টর স্পেশ্যালিস্ট (এম এম জি এস-থ্রি):** ১১টি। শিক্ষাগত যোগ্যতা: বি ই বা বি টেক, সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা সি এ বা সি এফ এ। এর পাশাপাশি ব্যাঙ্ক, নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল কোম্পানি বা কোনও আর্থিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগ হবে প্রোজেক্ট ফিনান্স স্ট্র্যাটেজিক বিজনেস ইউনিটে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**বয়স:** ৩০-৬-২০১৯ তারিখে ক্রেডিট অ্যানালিস্ট-কমার্শিয়াল ক্লায়েন্টস গ্রুপ (এম এম জি এস-থ্রি) পদের ক্ষেত্রে ২৫ থেকে ৩৫ বছর এবং অন্যান্য পদের ক্ষেত্রে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-থ্রি-র ক্ষেত্রে ৪২,০২০-৫১,৪৯০ টাকা এবং স্কেল টু-য়ের ক্ষেত্রে ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটগুলির যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers বা https://www.sbi.co.in/careers প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১২ অগস্ট। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপিজি বা জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালি দিয়ে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এছাড়াও প্রার্থীর সংক্ষিপ্ত জীবনপঞ্জি, সচিত্র পরিচয়পত্র, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার সার্টিফিকেট ও পূরণ করা ফর্ম-১৬ স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কর্মক্ষেত্র

shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

Company: PS AVIATION ACADEMY PVT LTD
Position Title: Ground staff and Cabin crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
To apply for this job, log on to www.shine.com and search using 9248724 as keyword.

Company: Companion Placements
Position Title: HR Recruiter
Experience, Location: Any Experience, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Company: SAFIYA MANPOWER
Position Title: TELE CALLER
Experience, Location: Kolkata
To apply for this job, log on to www.shine.com

Company: Dona World Technical Training Institute
Position Title: Jr Accountant
Experience, Location: Fresher & Experienced, Kolkata
To apply for this job, log on to www.shine.com

Company: Herbal Care India
Position Title: Business Manager
Experience, Location: 0-4 years, Kolkata
To apply for this job, log on to www.shine.com and search using 10074721 as keyword.

Company: Mercede
Position Title: Regional Manager Customer Service
Experience, Location: 8-15 years, Kolkata
To apply for this job, log on to www.shine.com and search using 10078889 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates
shine.com Great careers start here

# রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৫৫৭

প্রথম পাতার পর

গ্রাহ্য হবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিশিয়ান ট্রেড এবং ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। মেটালার্জি শাখার ক্ষেত্রে মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। কেমিক্যাল শাখার ক্ষেত্রে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট) ট্রেড এবং কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক-কাম-অপারেটর-ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন সিস্টেম, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ট্রেড এবং ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেড এবং ইনস্ট্রুমেন্টেশন ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। রিফ্র্যাক্টরি শাখার ক্ষেত্রে রিফ্র্যাক্টরি টেকনিশিয়ান ট্রেড এবং সেরামিক টেকনোলজি শাখা গ্রাহ্য হবে।

**অপারেটর-কাম-মেকানিক ট্রেনি:** ২৯টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে অন্তত ৬০ শতাংশ (তফসিলি বা দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই বা ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা থাকতে হবে। এর পাশাপাশি বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স (ট্রান্সপোর্ট) থাকতে হবে।

বি এসসি, বি কম বা বি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

দক্ষ খেলোয়াড় ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ নিয়মানুসারে সংরক্ষিত থাকবে।

**বয়স:** ১-৭-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দক্ষ খেলোয়াড়রা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫০ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি। বুকের ছাতি পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি। ওজন হতে হবে পুরুষদের ক্ষেত্রে ৪৫ কেজি, মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৯ অথবা এক চোখে ৬/৬ এবং অন্য চোখে ৬/১২। কাছের ক্ষেত্রে এক চোখে জে-ওয়ান এবং অন্য চোখে জে-২। মায়োপিয়া ও হাইপার-মেট্রোপিয়া থাকলে, তা ±২.৫ডি-র বেশি হলে চলবে না। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। বর্ণান্ধতা থাকলে চলবে না।

**স্টাইপেন্ড:** প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,৭০০ টাকা ও ১২,২০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ১৬,৮০০-২৪,১১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় উত্তীর্ণদের নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন হবে। কম্পিউটারভিত্তিক পরীক্ষা হবে দু'টি পর্যায়ে— প্রথম পর্বে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড, জেনারেল অ্যাওয়্যারনেস/জেনারেল নলেজ, ইংলিশ। দ্বিতীয় পর্বে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। সময়সীমা ২ ঘণ্টা। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizagsteel.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, প্রার্থীদের এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্ট্রেশন করে থাকতে হবে এবং দরখাস্তের সময় সেই-সংক্রান্ত তথ্যের উল্লেখ করতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (জি এস টি অতিরিক্ত)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ অগস্ট। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

যথাযথভাবে দরখাস্ত সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ০৮৯১-২৭৪০৪০৫ (যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# আর্মিতে ১৮৯

*প্রথম পাতার পর*

সিভিল: পুরুষ: ৪৬টি, মহিলা: ৪টি।মেকানিক্যাল: পুরুষ: ১৪টি, মহিলা: ২টি। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: পুরুষ: ২২টি, মহিলা: ২টি। অ্যারোনটিক্যাল/ ব্যালিস্টিক্স/অ্যাভিওনিক্স: পুরুষ: ১২টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/ ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স): পুরুষ: ৪৪টি, মহিলা: ৩টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনিকেশন: পুরুষ: ২৩টি, মহিলা: ২টি। ইলেক্ট্রনিক্স/অপ্টো ইলেক্ট্রনিক্স/ফাইবার অপটিক্স/মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ: পুরুষ: ৮টি। প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং: ৩টি। আর্কিটেকচার/বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি: পুরুষ: ৩টি, মহিলা: ১টি।

৫৪তম শর্ট সার্ভিস কমিশন কোর্সের জন্য শুধুমাত্র ছেলেরা এবং ২৫তম শর্ট সার্ভিস কমিশনে শুধু মহিলারা আবেদন করতে পারবেন।

এছাড়া প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল শাখায় ১টি করে শূন্যপদ রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** নির্ধারিত শাখায় নিম্নলিখিত তালিকা অনুসারে যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (মেকাট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার) ইঞ্জিনিয়ারিং, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। অ্যারোনটিক্যাল/ ব্যালিস্টিক্স/ অ্যাভিওনিক্সের ক্ষেত্রে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স)-এর ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/স্যাটেলাইট কমিউনিকেশনের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স/অপ্টো ইলেক্ট্রনিক্স/ফাইবার অপটিক্স/মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভের ক্ষেত্রে পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস। প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বা প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট। আর্কিটেকচার/বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজির ক্ষেত্রে আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং।

প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য টেকনিক্যাল শাখার ক্ষেত্রে যে-কোনও শাখায় বি ই বা বি টেক এবং নন-টেকনিক্যাল শাখার ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক হলেই আবেদন করা যাবে।

যাঁরা ফাইনাল ইয়ারের পরীক্ষা দিতে চলেছেন বা দিয়েছেন তাঁরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে ট্রেনিং শুরুর ১২ সপ্তাহের মধ্যে ডিগ্রি সার্টিফিকেট দাখিল করতে হবে।

**বয়স:** ১-৪-২০২০ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৪-১৯৯৩ থেকে ১-৪-২০০০-এর মধ্যে। প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের নন-টেকনিক্যাল ও টেকনিক্যাল শাখার ক্ষেত্রে ১-৪-২০২০ তারিখে সর্বাধিক ৩৫ বছরের মধ্যে বয়স হতে হবে।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেমি। গোর্খা পুরুষ প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন, মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৪৮ সেমি উচ্চতা থাকতেই হবে। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলাতে পারা চাই। **দৃষ্টিশক্তি:** উভয় চোখে ৬/৬০ (উভয় চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া থাকলে তা যেন অ্যাস্টিগম্যাটিজম-সহ মাইনাস ৩.৫০-এর মধ্যে হয়। হাইপারমেট্রোপিয়া থাকলে তা যেন অ্যাস্টিগম্যাটিজম-সহ প্লাস ৩.৫০-এর মধ্যে হয়। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। দৃষ্টিশক্তি সংশোধনের জন্য রেডিয়াল কেরাটোটোমি করিয়ে থাকলে আবেদন করবেন না। নীরোগ দৈহিক ও মানসিক স্বাস্থ্য থাকা চাই।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের সার্ভিস সিলেকশন বোর্ড (এস এস বি)-এর ইন্টারভিউয়ে ডাকা হবে। এতে সফল হতে না পারলে সেদিনই ফেরত পাঠানো হবে। প্রার্থীদের গ্রুপ টেস্ট, সাইকোলজিক্যাল টেস্ট ও ইন্টারভিউ নেওয়া হবে। এতে সফল হলে মেডিক্যাল টেস্ট। পরীক্ষা চলবে ৫ দিন ধরে। সিলেকশন সেন্টারগুলি হল: এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু ও কাপুরথালা।

৪৯ সপ্তাহের ট্রেনিং। ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শুরু হবে লেফটেন্যান্ট র‌্যাঙ্কে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিংয়ে সফল হলে নিয়োগ। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‌্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২২ অগস্ট পর্যন্ত। যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করবেন। সাবমিটের পর রোল নম্বর পাওয়া যাবে। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট (পি ডি এফ ফর্ম্যাট) নিয়ে নেবেন। এর মধ্যে একটি প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় সই করে এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন। এটি সিলেকশন সেন্টারে ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে। সঙ্গে প্রয়োজনীয় যাবতীয় মূল নথিপত্র ও তার এক কপি স্বপ্রত্যয়িত নকল নিয়ে যাবেন। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের ক্ষেত্রে অফলাইন দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্তের যাবতীয় নিয়ম-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পুরসভার স্কুলে ৫০০ শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত

**নিজস্ব প্রতিনিধি:** ৫০০ জন স্থায়ী শিক্ষক নিয়োগ করবে কলকাতা পুরসভা। বাংলা, ইংরেজি, হিন্দি, উর্দু ও ওড়িয়া মাধ্যম স্কুলগুলিতে নিয়োগ হবে। সম্প্রতি মেয়র পারিষদের বৈঠকে এই নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রার্থীদের ডি এল এডের মতো শিক্ষক প্রশিক্ষণ থাকতে হবে। মেয়র পারিষদ (শিক্ষা) অভিজিৎ মুখোপাধ্যায় জানিয়েছেন, এর আগে পুর প্রাথমিক স্কুলগুলিতে অস্থায়ী শিক্ষক নিয়োগ করা হয়েছে। এবার স্থায়ী শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রসঙ্গত, এর আগে পুর স্কুলের যেসব শিক্ষকের শিক্ষকতার প্রশিক্ষণ ছিল না, পুরসভাই তাঁদের প্রশিক্ষণের ব্যবস্থা করে দিয়েছে। এখন থেকে শুধু প্রশিক্ষিত প্রার্থীরাই পুরসভার স্কুলগুলিতে শিক্ষক পদে আবেদন করতে পারবেন।

# কলকাতা আই এস আইয়ে চাকরি

কুক, সিকিউরিটি গার্ড, অপারেটর-কাম- মেকানিক-সহ বিভিন্ন পদে ১৭ জনকে নেবে কলকাতার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর REC-7/ 2019-3, KOL.

শূন্যপদের বিন্যাস: কুক-এ: ৭টি, সিকিউরিটি গার্ড-এ: ৪টি, নার্স-এ: ১টি, গেস্ট হাউস ম্যানেজার-এ: ২টি, অপারেটর-কাম-মেকানিক (এ ভি)-এ: ২টি, কার্পেন্টার-এ: ১টি।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৩১ অগস্ট।

বিশদ তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.isical.ac.in

**SISTER NIVEDITA NURSING ACADEMY**

Unit of THE CALCUTTA HEART CLINIC & HOSPITAL SOCIETY
HC-4 Sector III Bidhannagar Kolkata -700 106 India
PHONE: 9073931592, 9073931593

**ADMISSION TO GENERAL NURSING MIDWIFERY (GNM)**

3 years Course: October 2019 – September 2022

**CORRIGENDUM**

Ref. Advertisement on 03.07.2019 & 10.07.2019

Publication of 'Merit List', date & time of counseling as described in Clause 5(C), 5(D) respectively in the published 'Prospectus 2019' of Sister Nivedita Nursing Academy (SNNA) has been rescheduled as specifically mentioned in the Notice dated 19.07.2019.

**NOTICE** Date: 19/07/2019

This is for all concerned that due to the convenience of students, 'Merit List' of Sister Nivedita Nursing Academy for the year 2019-20 will be published on 03/08/2019 at 2.00pm at Sister Nivedita Nursing Academy premises.

Admission for 3yrs GNM course for the year 2019-20 will begin on and from 8th August 2019.

1) 08/08/2019 to 10/08/2019 candidates from selected list (Time of admission 10.00am to 3.00pm)
2) 16/08/2019 to 17/08/2019 candidates from waiting list if needed (Time of admission 10.00am to 3pm)
3) 26/08/2019 to 27/08/2019 candidates from waiting list if needed (Time of admission 10.00am to 3.00pm)

Sd/- Mrs Rama Goswami
Vice Principal
Sister Nivedita Nursing Academy

